

ট্রাম্পের যুদ্ধক্ষমতা সীমিতের দাবি ডেমোক্র্যাটদের

বাংলা পত্রিকা ডেস্ক: ইরানে যুক্তরাষ্ট্রের বিমান হামলাকে ঘিরে ডেমোক্র্যাট আইনপ্রণেতাদের মধ্যে তীব্র সমালোচনা শুরু হয়েছে। একই সঙ্গে প্রেসিডেন্ট ডোনাল্ড ৮-এর পৃষ্ঠায় দেখুন

অভিবাসী 'তৃতীয় দেশ' বহিষ্কার অবৈধ!

বাংলা পত্রিকা রিপোর্ট: ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের অভিবাসী বিরোধী অভিযানে "তৃতীয় দেশে" বহিষ্কার নীতিকে অবৈধ বলে রায় দিলে ফেডারেল আদালতের বিচার। অভিবাসীদের নিজ দেশের পরিবর্তে অন্য কোনো "তৃতীয় দেশে" পাঠানোর আগে নোটিশ বা আপত্তির সুযোগ না দিয়ে বহিষ্কার করার যে নীতি নেওয়া হয়েছিল, তা অবৈধ ও অসাংবিধানিক বলে রায় দিয়েছেন ম্যাসাচুসেটসের ইউএস ডিস্ট্রিক্ট জজ ব্রায়ান মারফি।

বুধবার ম্যাসাচুসেটসের ইউএস ডিস্ট্রিক্ট জজ ব্রায়ান মারফি রায়ে বলেন, ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড ৮-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ৩০ বছর

■ Vol. 30 ‖ Issue 23 / March 02, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ২৩ ‖ সোমবার, মার্চ ০২, ২০২৬, ফাগুন ১৭, ১৪৩২ ‖ রমজান ১২, ১৪৪৭

খামেনি যুগের ইতি নতুন নেতৃত্ব কে?



- আত্মরক্ষার দাবি করলেও প্রমাণ দেখাতে পারেনি পেন্টাগন
- পাল্টাপাল্টি হামলায় হতাহত হতে পারেন আমেকিানরা: প্রেসিডেন্ট ট্রাম্প

বাংলা পত্রিকা রিপোর্ট: ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি, যিনি দেশটিকে আঞ্চলিক শক্তিতে রূপ দেওয়ার পাশাপাশি তিন দশকেরও বেশি সময় কট্টরপন্থীভাবে শাসন করেছেন। অনেকটাই অপ্রতিরোধ্য ও একনায়ক শাসনতন্ত্র কায়েম ৫-এর পৃষ্ঠায় দেখুন

আইন অমান্য করে

আইসকে ট্যাক্সদাতার গোপন তথ্য দিয়েছে আইআরএস -ফেডারেল বিচারক

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: আইন অমান্য করে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) কে ৪২ হাজার ৬৯৫ বার ট্যাক্সদাতার গোপন তথ্য দিয়েছে ইন্টারনাল রেভিনিউ সার্ভিস আইআরএস। এমনটি রায় দিয়েছেন যুক্তরাষ্ট্রের একটি ফেডারেল আদালতের বিচারক।

গত বৃহস্পতিবারের রায়ে যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট জজ কলেন কোলার কটেলি বলেন, আইআরএস করদাতাদের সর্বশেষ জানা ঠিকানা আইসকে সরবরাহ করে আইআরএস কোড ৬১০৩ লঙ্ঘন করেছে। এটি ফেডারেল আইনের অন্যতম কঠোর গোপনীয়তা সুরক্ষা বিধান। তিনি এই ঘটনাকে মামলার একটি "গুরুত্বপূর্ণ বিষয়" হিসেবে উল্লেখ করেন।

অ্যাসোসিয়েট প্রেস তাদের প্রতিবেদনে নথির বরাত দিয়ে জানায়, আইস ১২ লাখ ৮০ হাজার মানুষের তথ্য চাইলেও আইআরএস তাদের মধ্যে ৪৭ হাজার ব্যক্তির তথ্য হোমল্যান্ড সিকিউরিটি বিভাগকে দেয়। এর মধ্যে শেয়ার ৮-এর পৃষ্ঠায় দেখুন

প্রায় অর্ধকোটি টাকায় খরচে স্বপ্নের আমেরকিায় এসে খালি হাতে ফিরলেন ২৯ বাংলাদেশি

বিশেষ প্রতিনিধি: উন্নত জীবনে আশায় একাধিক বাংলাদেশি দালাল মারফতে প্রায় ৪০ থেকে ৬০ লাখ টাকায় ব্রাজিল হয়ে মেক্সিকো সীমান্ত দিয়ে প্রবেশ করেছিলেন আমেরিকায়। কিন্তু সেই স্বপ্ন অধরাই থেকে গেলো। ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী অভিযানে সর্বস্বহীন হয়ে খালি হাতে দেশে ফিরলেন ২৯ ৮-এর পৃষ্ঠায় দেখুন



মধ্যপ্রাচ্যের আকাশপথ বন্ধ হাজার হাজার ফ্লাইট বাতিল: বিপাকে লাখো যাত্রী

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানে চলমান যুদ্ধের জেরে মধ্যপ্রাচ্যের আকাশপথে বিমান চলাচল মারাত্মকভাবে ব্যাহত হয়ে পড়েছে। এর প্রভাব পড়েছে ইউরোপ, আমেরিকা, এশিয়ার প্রায় সকল দেশের ভ্রমণরত বিমান যাত্রীদের মধ্যে পাল্টাপাল্টি বিমান হামলার জেরে মধ্যপ্রাচ্যের প্রধান বিমানবন্দরগুলো বন্ধ বা কঠোরভাবে সীমিত রাখা হয়েছে। মধ্যপ্রাচ্যের প্রধান বিমানবন্দরগুলোসহ বিশ্বের সবচেয়ে ব্যস্ত আন্তর্জাতিক ট্রানজিট হাব দুবাই টানা দ্বিতীয় দিনের মতো বন্ধ থাকায় মধ্যপ্রাচ্যর আকাশপথে বিমান চলাচল পুরো ছবির হয়ে পড়েছে। শনিবার ও রবিবার দুইদিনে কয়েক হাজার ফ্লাইট বাতিল হওয়ায় লাখো বিমান যাত্রী বিপাকে পড়েছেন। হাজার হাজার যাত্রী ট্রানজিটে আটকে রয়েছেন। বিশ্বের সবচেয়ে বড় বিমান সংস্থাগুলো সোমবার পর্যন্ত মধ্যপ্রাচ্যের আকাশ সীমা দিয়ে চলাচলকারী সকল ফ্লাইট বাতিল করেছে।



এশিয়া, ইউরোপ থেকে উত্তর আমেরিকাগামী বিশ্বের বিভিন্ন প্রান্তে হাজারো যাত্রী আটকা পড়েছেন। পরিস্থিতি স্বাভাবিক হতে অন্তত কয়েকদিন সময় লাগতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

মধ্যপ্রাচ্যে বিগত কয়েক বছরে ভ্রমণ বিঘ্ন নতুন কিছু নয়। তবে ২৪ ঘণ্টার বেশি সময় ধরে আকাশসীমা বন্ধ থাকা এবং তিনটি বড় উপসাগরীয় ট্রানজিট হাব ৯-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

'ছদ্মবেশে' আইস এজেন্টদের অভিযানে উদ্বেগ

বাংলা পত্রিকা রিপোর্ট: ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর অভিবাসন বিরোধী অভিযানে নিজেদের পরিচয় গোপন করে স্থানীয় পুলিশ পরিচয়ে নিউইয়র্কের কলোম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের আবাসিক ভবনে এক ছাত্রীকে আটক করা ঘটনা ঘটেছে। এ ঘটনার কয়েক ঘণ্টা পর ওই শিক্ষার্থীকে আবার মুক্তি দেয়া হয় আইস হেফাজত থেকে আইস এর এমন পরিচয় গোপন রেখে অভিযানের অভিযোগ সামনে আসার পর নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রজুড়ে উদ্বেগ ও ক্ষোভ দেখা দিয়েছে। প্রশ্ন ওঠেছে ফেডারেল বাহিনীর এমন কর্মকাণ্ড নিয়ে।

এপি নিউজ জানায়, বৃহস্পতিবার ভোরে ৮-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



মধ্যপ্রাচ্যে ২৭ ইউএস ঘাঁটিতে ইরানের হামলা

বাংলা পত্রিকা ডেস্ক: ইরান ও ইসরায়েলি বোমাবর্ষণের পাল্টা জবাবে মধ্যপ্রাচ্যজুড়ে থাকা ২৭টি যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটিতে ষষ্ঠ দফায় বড় ধরনের হামলা শুরু করেছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। ইরানি রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করা য়েছে।

আইআরজিসি জানিয়েছে, তারা ইসরায়েল এবং ওই অঞ্চলে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটিগুলো লক্ষ্য করে 'ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন' হামলা চালিয়েছে। হামলার তালিকায় রয়েছে ইসরায়েলের তেল নফ বিমানঘাঁটি, তেল আবিবে অবস্থিত ইসরায়েলি সেনাবাহিনীর কমান্ড সদর দপ্তর 'হাকিরিয়া' এবং একই শহরের একটি বিশাল প্রতিরক্ষা শিল্প কমপ্লেক্স।

ইরানি বাহিনীর পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, তারা প্রতিশোধের অংশ হিসেবে আরও 'ভিন্ন এবং কঠোর পদক্ষেপ' গ্রহণ করবে, যা শত্রু পক্ষকে একের পর এক 'শোচনীয় চপেটাঘাত' করবে।

আল জাজিরা অ্যারাবিক জানিয়েছে, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ খামেনির হত্যাকাণ্ডের প্রতিশোধ হিসেবে চলা এই হামলার মুখে কুয়েতজুড়ে সতর্কতামূলক সাইরেন বাজানো হচ্ছে।

এদিকে কাতারের রাজধানী দোহার বাসিন্দারা আকাশে অন্তত ১১টি বিকট বিস্ফোরণের শব্দ শোনার কথা জানিয়েছেন।

এ অঞ্চলে উত্তেজনা চরম আকার ধারণ করেছে। পরিস্থিতি সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য অপেক্ষা করা হচ্ছে।

ইরান হামলা: বিশ্বজুড়ে বিমান চলাচলে বড় সংকট

বাংলা পত্রিকা ডেস্ক: ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক হামলার ঘটনায় বৈশ্বিক বিমান চলাচলে বড় ধরনের সংকট তৈরি করেছে। দুদেশের উত্তেজনার জেরে গত শনিবার মধ্যপ্রাচ্যের আকাশপথে তৈরি হয় নজিরবিহীন অচলাবস্থা। একের পর এক দেশ আকাশসীমা বন্ধ করে দিলে আন্তর্জাতিক বিমান চলাচল মারাত্মকভাবে ব্যাহত হয়।

এতে শুধু ওই অঞ্চলের নয়, ইউরোপ-এশিয়া ট্রানজিট রুটেও বড় ধরনের বিপর্যয় দেখা দিয়েছে। বাংলাদেশসহ বিভিন্ন দেশের শত শত ফ্লাইট বাতিল, রুট পরিবর্তন বা ছগিত হওয়ায় চরম দুর্ভোগে পড়েন লাখো যাত্রী।

সংঘাতের পরপরই আকাশসীমা বন্ধ ঘোষণা করে ইরান ও ইসরায়েল। নিরাপত্তা ঝুঁকির কারণে পরে একই পথে হাঁটে ইরাক, জর্ডান, কুয়েত, কাতার, বাহরাইন, সিরিয়া এবং সংযুক্ত আরব আমিরাত। ফ্লাইট ট্র্যাকিং সংস্থার মানচিত্রে ওই অঞ্চলের আকাশ প্রায় ফাঁকা দেখা গেছে।

অ্যাভিয়েশন ডেটা অনুযায়ী, ইসরায়েলগামী প্রায় ৪০ শতাংশ ফ্লাইট বাতিল হয়েছে এবং পুরো মধ্যপ্রাচ্য অঞ্চলে অন্তত ৬ থেকে ৭ শতাংশ ফ্লাইট বাতিল বা বিকল্প পথে ঘুরিয়ে নিতে হয়েছে। এতে ফ্লাইট সময় বাড়ার পাশাপাশি অপারেশনাল খরচও বেড়ে যায়। সংঘাতের প্রথম দিনেই প্রায় ৩৪০০ নির্ধারিত ফ্লাইটের মধ্যে অন্তত ৩০০ ফ্লাইট বাতিল হয়। কোনো কোনো ফ্লাইটের সময় পরিবর্তন হয়। অনেক ফ্লাইট মাঝপথ থেকে ঘুরে নিজ দেশে ফিরে গেছে।

বাংলাদেশ থেকে সব মধ্যপ্রাচ্য রুট বন্ধ : সংকটের প্রভাব পড়েছে বাংলাদেশের বিমান চলাচলেও। বিমান বাংলাদেশ এয়ারলাইনস মধ্যপ্রাচ্যের প্রায় সব গন্তব্যে ফ্লাইট সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে। এর মধ্যে রয়েছে জেদ্দা, মদিনা, রিয়াদ, দাম্মাম, দুবাই, আবুধাবি, শারজাহ ও কুয়েত রুট।

গত শনিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব গন্তব্যের নির্ধারিত যাত্রীদের সরাসরি বিমানের সঙ্গে যোগাযোগ না করে বিমানবন্দরে না যেতে অনুরোধ করা হয়েছে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ জানিয়েছে, মধ্যপ্রাচ্যের আকাশসীমা বন্ধ থাকায় বিকল্প রুটেও ফ্লাইট পরিচালনা ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে।

মধ্যপ্রাচ্যের সংশ্লিষ্ট রুটের ১০-এর পৃষ্ঠায় দেখুন

ওয়াশিংটনে ছুরিকাঘাতে চারজন নিহত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে একটি বাড়ির বাইরে এক ব্যক্তির ছুরিকাঘাতে চারজন নিহত হয়েছেন। পরে পুলিশের গুলিতে ৩২ বছর বয়সী সন্দেহভাজন হামলাকারী নিহত হন।

টাকোমা শহরের উত্তর পশ্চিমের 'কি পেনিনসুলা' এলাকার এক বাড়ির সামনে গত মঙ্গলবার স্থানীয় সময় সকালে এ ঘটনা ঘটে।

পিয়ার্স কাউন্টির শেরিফ অফিসে এক ব্যক্তি একটি 'নো কন্ট্যাক্ট' আদেশ (আদালতের নির্দেশ; যা কোনো ব্যক্তিকে অন্য কারও সঙ্গে যোগাযোগ করতে বা নির্দিষ্ট সীমানার মধ্যে যেতে বাধা দেয়) লঙ্ঘন করছেন সন্দেহে অভিযোগ আসার পর সকাল ৮টা ৪১ মিনিটের দিকে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়।

এর আগে পুলিশ কর্মকর্তারা 'নো কন্ট্যাক্ট' আদেশের একটি অনুলিপি হাতে পান। কিন্তু তাঁরা দেখেন, সেটি এখনো কার্যকর হয়নি। কারণ, সন্দেহভাজন ব্যক্তির কাছে সেটি আনুষ্ঠানিকভাবে পৌঁছে দেওয়া হয়নি।

পুলিশ আদেশটি ব্যক্তিগতভাবে সন্দেহভাজনের কাছে পৌঁছে দিতে যায়। কিন্তু সে সময় ৩২ বছর বয়সী ওই ব্যক্তি বাড়ির বাইরে এলোপাতাড়ি ছুরিকাঘাত শুরু করেন।

একাধিক প্রত্যক্ষদর্শীর বয়ান অনুযায়ী, সকাল সাড়ে ৯টার দিকে ওই ব্যক্তি ছুরিকাঘাত শুরু করেন। তিন মিনিট পর পুলিশ হামলাকারীকে নিবৃত্ত করতে গুলি ছোড়ে। এ সময় ঘটনাস্থলেই সন্দেহভাজন হামলাকারী নিহত হন।

এদিকে ছুরিকাঘাতে আহত তিনজন ঘটনাস্থলে প্রাণ হারান। চতুর্থ ব্যক্তিকে দ্রুত হাসপাতালে নেওয়া হয়, কিন্তু তিনিও চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

এ ঘটনায় তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।



যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলায় খামেনি নিহত

ইরানে অনিশ্চয়তা



বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্র ও ইসরায়েল এর যৌথ বিমান হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হওয়ার খবর সামনে এসেছে। তার মৃত্যুতে ইরানের ক্ষমতার শীর্ষে বড় ধরনের শূন্যতা সৃষ্টি হয়েছে, যা মধ্যপ্রাচ্যের রাজনৈতিক ভারসাম্যে গভীর প্রভাব ফেলতে পারে।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানান, শনিবার শুরু হওয়া যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সামরিক অভিযানে ৮৬ বছর বয়সী খামেনি নিহত হন। পরে তেহরান সময় রোববার ভোরে ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমও তার মৃত্যুর খবর নিশ্চিত করে। ট্রাম্প জানান, খামেনির মৃত্যুর পরও যুক্তরাষ্ট্র কমপক্ষে এক সপ্তাহ "নির্দিষ্ট লক্ষ্যভিত্তিক ভারী বিমান হামলা" চালিয়ে যাবে। ইসরায়েলি কর্মকর্তারাও জানিয়েছেন, এই হামলায় ইরানের নিরাপত্তা পরিষদের শীর্ষ কর্মকর্তা আলি শামখানি এবং রেভল্যুশনারি গার্ডের কমান্ডার মোহাম্মদ পাকপুরসহ বেশ কয়েকজন উচ্চপদস্থ কর্মকর্তা নিহত হয়েছেন।

খামেনির মৃত্যু ইরানের ইসলামি শাসনব্যবস্থার জন্য বড় ধাক্কা হিসেবে দেখা হচ্ছে। প্রায় ৫০ বছরের শাসনব্যবস্থায় এটি দ্বিতীয়বার, যখন সর্বোচ্চ নেতৃত্বে পরিবর্তনের সুযোগ তৈরি হলো। এর আগে ১৯৮৯ সালে ইসলামি প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতা রুহুল্লাহ খোমেনির মৃত্যুর পর এমন পরিস্থিতি তৈরি হয়েছিল। তবে খামেনির উত্তরসূরি কে হবেন, সে বিষয়ে এখনো কোনো স্পষ্ট ঘোষণা আসেনি। ফলে দেশটির রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে।

ট্রাম্প সামাজিক মাধ্যমে খামেনির মৃত্যুকে "ইরানি জনগণের জন্য নিজেদের দেশ পুনরুদ্ধারের বড় সুযোগ" বলে উল্লেখ করেন। তিনি আরও দাবি করেন, যুক্তরাষ্ট্রের উন্নত গোয়েন্দা প্রযুক্তির মাধ্যমে এই অভিযান সফল হয়েছে।

এই হামলার পেছনে পারমাণবিক আলোচনায় অচলাবস্থাকে কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। ট্রাম্পের প্রত্যাশা পূরণে ব্যর্থ হওয়ায় তেহরানের ইসলামি সরকারকে লক্ষ্য করে এ অভিযান চালানো হয় বলে জানানো হয়।

এদিকে হামলার জবাবে ইরান অঞ্চলজুড়ে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে, যেখানে যুক্তরাষ্ট্রের একাধিক সামরিক ঘাঁটি রয়েছে। এতে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে উঠেছে।

বিশ্লেষকদের মতে, খামেনির মৃত্যুর পর ইরানে ক্ষমতার ভারসাম্য বড় ধরনের পরিবর্তনের মুখে পড়তে পারে। দেশটির সামরিক বাহিনী আরও শক্তিশালী ভূমিকা নিতে পারে, যা ধর্মীয় নেতৃত্বকে পেছনে ঠেলে দিতে পারে। এতে সাধারণ মানুষের ওপর দমন-পীড়ন অব্যাহত থাকার আশঙ্কাও রয়েছে।

অন্যদিকে, যুক্তরাষ্ট্রের পক্ষে ইরানের ভবিষ্যৎ রাজনৈতিক পরিস্থিতি সরাসরি নিয়ন্ত্রণ করা কঠিন হতে পারে। ১৯৮০ সাল থেকে দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক নেই।

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলা

ইরানের আরও যেসব শীর্ষস্থানীয় কর্মকর্তা নিহত হয়েছেন

বাংলা পত্রিকা ডেস্ক: ইরানে ৩৬ বছর ধরে নেতৃত্ব দেওয়া আয়াতুল্লাহ আলী খামেনি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় নিহত হয়েছেন। হামলায় প্রাণহানি হয়েছে ইরানের শীর্ষস্থানীয় কয়েকজন কর্মকর্তার। এ হত্যাকাণ্ডের প্রতিশোধ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে তেহরান। গতকাল রোববার ইসরায়েলসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে হামলা চালিয়েছে তারা। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল গতকালও ইরানের বিভিন্ন স্থানে বড় হামলা চালিয়েছে।


প্রেসিডেন্ট ট্রাম্প শনিবার দাবি করেন, ইরানে হামলায় দেশটি শীর্ষ পর্যায়ের ৪৮ জন নেতা নিহত হয়েছেন। ট্রাম্প এ-ও বলেন, ইরানের নতুন নেতৃত্ব যুক্তরাষ্ট্রের প্রশাসনের সঙ্গে কথা বলতে চেয়েছে, তিনি (ট্রাম্প) এতে রাজি হয়েছেন।

ইরান হামলায় হতাহতের সংখ্যা আনুষ্ঠানিকভাবে উল্লেখ করেনি। আর ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলে ৯ জন নিহত ও ৫১ জন আহত হয়েছেন।

রোববার ছিল মধ্যপ্রাচ্যে নতুন করে শুরু হওয়া সংঘাতের দ্বিতীয় দিন। এর আগে প্রথম দিনে তেহরানে খামেনির বাসভবন ও কার্যালয়ে আকাশপথে হামলা চালায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। এর পর থেকে তাঁর মৃত্যুর খবর সামনে আসছিল। পরে সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে মৃত্যুর খবর নিশ্চিত করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তেহরানের পক্ষ থেকেও বিষয়টি স্বীকার করা হয়।

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, হামলায় খামেনি ছাড়াও তাঁর মেয়ে, জামাতা ও নাতি নিহত হয়েছেন। ইরানের নিহত শীর্ষস্থানীয় কর্মকর্তাদের মধ্যে রয়েছেন খামেনির নিরাপত্তা উপদেষ্টা আলী শামখানি, সশস্ত্র বাহিনীর প্রধান জেনারেল আবদুল রহিম মৌসাভি, প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদেহ ও বিপ্লবী গার্ড কোরের (আইআরজিসি) প্রধান মোহাম্মদ পাকপুর। অসমর্থিত সূত্রে বরাত দিয়ে কোনো কোনো সংবাদমাধ্যম জানিয়েছে, হামলায় ইরানের সাবেক প্রেসিডেন্ট মাহমুদ আহমেদিনেজাদ নিহত হয়েছেন।

হামলায় সর্বোচ্চ নেতার মৃত্যু ইরানের জন্য বড় একটি আঘাত। সাম্প্রতিক বছরগুলোয় মধ্যপ্রাচ্যে ইরানসমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোকে ধীরে ধীরে দুর্বল করে দিয়েছে ইসরায়েল। ইরানের অনেক শীর্ষ কর্মকর্তাও এ সময় ইসরায়েলি হামলায় নিহত হয়েছেন। সর্বশেষ গত বছর ইসরায়েলের সঙ্গে সংঘাতের সময় ইরানের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল। তেহরানের অর্থনীতিও বর্তমানে নড়বড়ে।



আয়াতুল্লাহ আলী খামেনির পাশে উপরে বাঁয়ে আইআরজিসি প্রধান মোহাম্মদ পাকপুর ও উপরে ডানে খামেনির নিরাপত্তা উপদেষ্টা আলী শামখানি; নিচে বাঁয়ে প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদেহ ও নিচে ডানে সশস্ত্র বাহিনীর প্রধান জেনারেল আবদুল রহিম মৌসাভি

ইরানে এমন এক অশান্ত পরিস্থিতির মধ্যে দেশটিতে হামলা শুরু করা হয়েছে। এ হামলা দেশটির সরকার পরিবর্তনের উদ্দেশে বলে উল্লেখ করেছিলেন ট্রাম্প। খামেনিসহ ইরানের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের মৃত্যু সে ইঙ্গিতই দিচ্ছে। তবে তা অতটাও সহজ হবে না বলে মনে করেন ওয়াশিংটনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান আটলান্টিক কাউন্সিলের উপদেষ্টা হারলান উলমান। আল-জাজিরাকে তিনি বলেন, চলতি বছরের শুরুতে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলা মাদুরোকে যুক্তরাষ্ট্রে তুলে নেওয়ার পর ওয়াশিংটনের সঙ্গে সমঝোতায় এসেছিল কারাকাস। ইরান ভেনেজুয়েলা নয়; আর খামেনির উত্তরসূরি হিসেবে ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের প্রধান আলী লারিজানিকে ধারণা করা হয়।

খামেনির মৃত্যুর পর ইরানে ৪০ দিনের শোক ঘোষণা করা হয়েছে।

এ হুঁশিয়ারি অনুযায়ী ইসরায়েল এবং মধ্যপ্রাচ্যে থাকা যুক্তরাষ্ট্রের ২৭টি ঘাঁটি লক্ষ্য করে ষষ্ঠ দফায় হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে আইআরজিসি। হামলায় জেরুজালেমের ৩০ কিলোমিটার পশ্চিমে ইসরায়েলের বেইত শেমেশ এলাকায় ৯ জন নিহত ও প্রায় ৫১ জন আহত হয়েছেন। এ ঘটনায় ১১ জন নিখোঁজ রয়েছেন। ইসরায়েলে তেল আবিব ছাড়াও দখলকৃত পশ্চিম তীর ও হাইফা শহরে সতর্কসংকেত হিসেবে সাইরেন শোনা যায়।

ইউএস রণতরিতে হামলার দাবি

ইরানে নতুন হামলার পটভূমি তৈরি হয়েছে চলতি বছরের শুরুতে দেশটিতে সরকারবিরোধী বিক্ষোভ ঘিরে। ওই বিক্ষোভ দমনে তেহরান সফল হলেও তখন থেকে মধ্যপ্রাচ্যে সেনা সমাবেশ বাড়াতে থাকে যুক্তরাষ্ট্র। মোতায়েন করা হয় একটি মার্কিন রণতরি। আরেকটি রণতরি ভূমধ্যসাগরের পথে ছিল। ইরানে হামলা জন্য ট্রাম্পকে চাপ দিচ্ছিলেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু।

মধ্যপ্রাচ্যে আরব সাগরে যে রণতরি মোতায়েন রয়েছে সেটির নাম ইউএসএস অব্রাহাম লিংকন। সেটিতে গতকাল ক্ষেপণাস্ত্র হামলা চালানোর দাবি করেছে আইআরজিএস। তবে আলজাজিরাকে এক মার্কিন কর্মকর্তা বলেছেন, ওই ক্ষেপণাস্ত্র রণতরিটিতে আঘাত করেনি। যদিও ইরানের সঙ্গে সংঘাতের সময় যুক্তরাষ্ট্রের তিন সেনা নিহত এবং পাঁচ সেনা আহত হয়েছেন বলে জানিয়েছে মার্কিন বাহিনী।

এ ছাড়া নতুন করে সৌদি আরব, কাতার, আরব আমিরাত, কুয়েতে মার্কিন ঘাঁটি লক্ষ্য করে ইরানের হামলার খবর পাওয়া গেছে। এসব দেশের তথ্য অনুযায়ী, গত দুই দিনে ইরানের হামলায় ইরাকে দুজন, আরব আমিরাত ও কুয়েতে একজন করে নিহত হয়েছেন। এ ছাড়া ইরাকে ৫ জন, কুয়েতে ৩২ জন, বাহরাইনে ৪ জন, আরব আমিরাতে ৫৮ জন ও ওমানে ৫ জন আহত হয়েছেন। এদিকে গতকাল যুক্তরাজ্যের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, রোববার কাতারের দিকে এগোতে থাকা একটি ইরানি ড্রোন ধ্বংস করেছে ব্রিটিশ যুদ্ধবিমান। ইরানে হামলা শুরুর পর এটাই যুক্তরাজ্যের প্রথম পদক্ষেপ।

১ হাজার ২০০টির বেশি বোমা হামলা

খামেনির মৃত্যুর পর ইরানে হামলা জোরদার করার হুঁশিয়ারি দিয়েছিলেন ট্রাম্প। ট্রুথ সোশ্যালে তিনি লেখেন, ইরান যদি ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলার জবাব দেয়, তাহলে এমন শক্তি ব্যবহার করে আবারও হামলা চালানো হবে, যা তারা আগে কখনো দেখেনি। সামাজিক যোগাযোগমাধ্যমে ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজও একই হুমকি দেন।

হয়েছেও তা-ই। রাজধানী তেহরান বিকট বিস্ফোরণে কেঁপে ওঠে। ইসরায়েলি বাহিনী জানায়, চলমান সংঘাত শুরুর পর তারা প্রথমবারের মতো তেহরানের প্রাণকেন্দ্রে আঘাত হেনেছে। আল-জাজিরার সংবাদদাতা জানিয়েছেন, স্থানীয় সময় রোববার তেহরানের সাতটি স্থানে ইসরায়েল হামলা চালিয়েছে। এতে তেহরানের বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েন। অনেকে খাবার সংগ্রহ করে রাখছেন।

হামলা শুরুর দিন শনিবার ইরানে আকাশপথে সবচেয়ে বড় হামলা চালিয়েছে বলে জানিয়েছে ইসরায়েলের সামরিক বাহিনী। এক বিবৃতিতে তারা বলেছে, সেদিন প্রায় ২০০টি যুদ্ধবিমান ব্যবহার করে মধ্য ও পশ্চিম ইরানে প্রায় ৫০০ লক্ষ্যবস্তুতে আঘাত হানা হয়। আকাশ থেকে ফেলা হয় ১ হাজার ২০০টির বেশি বোমা। এতে ইরানের সামরিক সক্ষমতা অনেক হ্রাস পেয়েছে।

ইরানের রেড ক্রিসেন্ট সোসাইটির দেওয়া প্রথম দিনের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানে অন্তত ২০১ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন ৭৪৭ জন। এর মধ্যে ইরানের মিনাব শহরে মেয়েদের একটি স্কুলে শনিবার চালানো হামলায় ইরানের স্থানীয় সময় রোববার সেখানে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪৮-এ।

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

ইরান সংকট: যুদ্ধের বিস্তার, মানবিক বিপর্যয় ও শান্তির জরুরি প্রয়োজন

মধ্যপ্রাচ্যে আবারও সংঘাতের আগুন জ্বলে উঠেছে। সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্র ও ইসরাইল-এর যৌথ হামলায় ইরান জুড়ে তৈরি হয়েছে এক গভীর অনিশ্চয়তা ও অস্থিরতা। হামলার পরপরই পাল্টা প্রতিক্রিয়া, ক্ষেপণাস্ত্র নিক্ষেপ এবং সামরিক উত্তেজনা দ্রুতই পরিস্থিতিকে জটিল করে তুলেছে। এরই মধ্যে সংঘাতের বলি হচ্ছেন সাধারণ মানুষ–যারা কোনো যুদ্ধ চাননি, কিন্তু যুদ্ধ তাদের ঘরবাড়ির ভেতরেই এসে পৌঁছেছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, সাম্প্রতিক হামলা ও পাল্টা হামলায় অন্তত ৫৫৫ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও বহু মানুষ–যাদের অনেকের অবস্থা আশঙ্কাজনক। ধ্বংসস্তূপের নিচে আটকে পড়া মানুষকে উদ্ধারের চেষ্টা চলছে, হাসপাতালগুলোতে চিকিৎসা সেবা দিতে হিমশিম খাচ্ছেন চিকিৎসকরা। জরুরি বিভাগগুলোতে ভিড় বাড়ছে, ওষুধ ও চিকিৎসা সরঞ্জামের ঘাটতিও দেখা দিচ্ছে। এই চিত্র কেবল পরিসংখ্যান নয়–এটি এক ভয়াবহ মানবিক বিপর্যয়ের প্রতিচ্ছবি।

যুদ্ধের সবচেয়ে নির্মম দিক হলো এর নির্বিচার প্রভাব। সামরিক স্থাপনা লক্ষ্য করে হামলা চালানো হলেও বাস্তবে ক্ষতিগ্রস্ত হয় আবাসিক এলাকা, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতালসহ গুরুত্বপূর্ণ বেসামরিক অবকাঠামো। শিশুদের স্কুল বন্ধ হয়ে যায়, পরিবারগুলো নিরাপত্তার খোঁজে পালিয়ে বেড়ায়, এবং এক অনিশ্চিত ভবিষ্যতের মুখোমুখি হয় লাখো মানুষ। প্রতিটি বিস্ফোরণ কেবল একটি ভবন ধ্বংস করে না–একটি পরিবারের স্বপ্ন, নিরাপত্তা এবং আশার ভিতও ভেঙে দেয়।

ইরান ও ইসরাইলের মধ্যে দীর্ঘদিনের রাজনৈতিক ও সামরিক উত্তেজনা নতুন নয়, তবে সাম্প্রতিক পরিস্থিতি যে মাত্রায় পৌঁছেছে, তা আঞ্চলিক স্থিতিশীলতার জন্য গুরুতর হুমকি হয়ে দাঁড়িয়েছে। এই সংঘাত যদি আরও বিস্তৃত হয়, তাহলে তা পুরো মধ্যপ্রাচ্যকে একটি বৃহৎ যুদ্ধের দিকে ঠেলে দিতে পারে। এর প্রভাব পড়বে বিশ্ব অর্থনীতি, জ্বালানি সরবরাহ এবং আন্তর্জাতিক নিরাপত্তা ব্যবস্থার ওপর।

সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো–এই সংঘাতে মানবিক দৃষ্টিভঙ্গি ক্রমশ হারিয়ে যাচ্ছে। আন্তর্জাতিক আইন, মানবাধিকার এবং কূটনৈতিক সমাধানের পথ থাকা সত্ত্বেও অস্ত্রের ব্যবহারই যেন প্রধান ভাষা হয়ে উঠছে। অথচ ইতিহাস বারবার দেখিয়েছে, যুদ্ধ কখনো স্থায়ী সমাধান দেয় না; বরং আরও গভীর সংকট ও বিভাজন সৃষ্টি করে।

এই প্রেক্ষাপটে আন্তর্জাতিক সম্প্রদায়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অবিলম্বে যুদ্ধবিরতি নিশ্চিত করা, মানবিক সহায়তা জোরদার করা এবং সব পক্ষকে আলোচনার টেবিলে ফিরিয়ে আনা এখন সময়ের সবচেয়ে জরুরি দাবি। জাতিসংঘসহ বিশ্বশক্তিগুলোর উচিত সংঘাত নিরসনে কার্যকর কূটনৈতিক উদ্যোগ নেওয়া।

যুদ্ধের দামামা যতই উচ্চস্বরে বাজুক, তার শেষ পরিণতি কেবল ধ্বংস আর শোক। ৫৫৫টি প্রাণের মৃত্যু আমাদের স্মরণ করিয়ে দেয়–প্রতিটি জীবন অমূল্য। এই মানবিক বিপর্যয় থেকে শিক্ষা নিয়ে এখনই প্রয়োজন সংঘাতের পথ থেকে সরে এসে শান্তির পথে অগ্রসর হওয়া। কারণ শেষ পর্যন্ত মানবতার জয়ই হওয়া উচিত–যুদ্ধের নয়।



খামেনির মৃত্যুর পর ইরানের ইসলামি প্রজাতন্ত্র কেন বদলে যাবে

সানাম ভাকিল

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল শনিবার ভোরে ইরানে যে সমন্বিত হামলা চালিয়েছে, তা গত গ্রীষ্মের ১২ দিনের যুদ্ধের পর থেকে দানা বাঁধতে থাকা সংঘাতকে আনুষ্ঠানিকভাবে আবারও জাগিয়ে দিয়েছে।

হামলায় ইরানের গুরুত্বপূর্ণ কয়েকজন কমান্ডারসহ নিহত হয়েছেন ১৯৮৯ সাল থেকে ক্ষমতায় থাকা ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি।

তাঁর মৃত্যুকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প 'ইতিহাসের অন্যতম খারাপ ব্যক্তি'র অবসান বলে মন্তব্য করেছেন। ট্রাম্পের মতে, এটি শুধু ইরানের জনগণের জন্য নয়, বরং সব মহান আমেরিকানের জন্য ন্যায়বিচার হয়েছে।

এই ভাষ্য থেকেই বোঝা যায়, ওয়াশিংটন এই হামলাকে কেবল সামরিক পদক্ষেপ হিসেবে নয়, বরং আদর্শিক ও কৌশলগত মুহূর্ত হিসেবে তুলে ধরতে চাইছে।

ইসরায়েল দাবি করেছে, ইসলামি রেভোল্যুশনারি গার্ডের কমান্ডার মোহাম্মদ পাকপুর, প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদেহ এবং প্রতিরক্ষা পরিষদের প্রধান অ্যাডমিরাল আলি শামখানিও নিহত হয়েছেন।

এর জবাবে ইরান ইসরায়েল, উপসাগরীয় অঞ্চলে ও ইরাক ও জর্ডানে অবস্থিত মার্কিন ঘাঁটি এবং উপসাগরীয় কিছু বেসামরিক স্থাপনায় ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে। পরিস্থিতি দ্রুত বদলাচ্ছে, তবে কোন দিকে যাবে তা এখনো অনিশ্চিত। আঞ্চলিক আকাশসীমা, জ্বালানি স্থাপনা এবং সমুদ্রপথ এখন নতুন করে ঝুঁকির কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে।

ট্রাম্প এই হামলাকে সীমিত অভিযান হিসেবে নয়, বরং যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের এক হুমকিকে চূড়ান্তভাবে 'নির্মূল' করার অভিযান হিসেবে উপস্থাপন করেছেন। তাঁর দাবি, আগের মার্কিন প্রেসিডেন্টরা সরাসরি এই চ্যালেঞ্জ মোকাবিলায় অনিচ্ছুক ছিলেন। ফলে তিনি নিজের পদক্ষেপকে দৃঢ় নেতৃত্বের উদাহরণ হিসেবে তুলে ধরছেন।

এর আগে একটি প্রাথমিক পরমাণু চুক্তির লক্ষ্যে আঞ্চলিক সমর্থন নিয়ে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক প্রচেষ্টা চলছিল। কিন্তু সেই প্রক্রিয়াকে পরিণত হওয়ার সুযোগ না দিয়ে ট্রাম্প সম্ভবত ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও তাঁর প্রশাসনের রক্ষণশীল উপদেষ্টাদের প্রভাবে, ইরানের দুর্বল মুহূর্তে হামলার সিদ্ধান্ত নেন। এতে আলোচনার পথ কার্যত বন্ধ হয়ে যায় এবং সামরিক সমাধানই প্রধান বিকল্প হিসেবে সামনে আসে।

হামলার পর তিনি বলেন, ইরানের জনগণের এখন নিজেদের ভবিষ্যৎ নির্ধারণের সময় এসেছে। এতে স্পষ্ট হয় যে ওয়াশিংটন ভেতর থেকে ইরানের শাসনব্যবস্থার পরিবর্তনকে সমর্থন করছে। ট্রাম্প সামাজিক মাধ্যমে ট্রুথ সোশ্যালে লেখেন, এটি ইরানের জনগণের জন্য নিজেদের দেশ ফিরে পাওয়ার সর্বশ্রেষ্ঠ সুযোগ। এই বক্তব্য আন্তর্জাতিক অঙ্গনে নতুন করে 'শাসন পরিবর্তন' বিতর্ক উসকে দিয়েছে।

এই সময়টির প্রেক্ষাপট বোঝা জরুরি। এই উত্তেজনা গত দুই বছরের ক্রমবর্ধমান সংঘাতের ফল। ২০২৩ সালের ৭ অক্টোবরের পর থেকে ইসরায়েল শুধু গাজায় হামাস, উত্তরের সীমান্তে হিজবুল্লাহ এবং লোহিত সাগর সংশ্লিষ্ট হুথি লক্ষ্যবস্তুর বিরুদ্ধে নয়, পরোক্ষভাবে তেহরানের বিরুদ্ধেও ধারাবাহিক সামরিক অভিযান চালিয়েছে।

এসব অভিযানে ইরানের অগ্রবর্তী প্রতিরক্ষা কৌশল দুর্বল হয়েছে এবং সামরিক সক্ষমতা ক্ষয়প্রাপ্ত হয়েছে। এত দিন পর্যন্ত তুলনামূলক অক্ষত ছিল ইরানের নিজস্ব ভূখণ্ড, ক্ষেপণাস্ত্র কর্মসূচি এবং শাসনব্যবস্থার শীর্ষ নেতৃত্ব। এই পর্বে সেই সুরক্ষাবলয় ভেঙে গেছে।

তবে যুদ্ধ সচরাচর পরিকল্পনা অনুযায়ী এগোয় না। যুক্তরাষ্ট্রের প্রচলিত সামরিক শক্তির সঙ্গে ইরান পাল্লা দিতে না পারলেও দেশটির হাতে রয়েছে অনেকগুলো অসম কৌশল। সংঘাতের ক্ষেত্র বিস্তৃত করে ব্যয়ের বোঝা বাড়িয়ে দেওয়া এবং আঞ্চলিক ঝুঁকি বাড়ানোই ইরানের প্রধান কৌশল। ইসরায়েলি ভূখণ্ড ও উপসাগরীয় মার্কিন স্থাপনায় তাৎক্ষণিক পাল্টা হামলা সেই কৌশলেরই ইঙ্গিত।


ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির ফাইল ছবি। ৯ জানুয়ারি ২০১৮ ছবি: এএফপি

প্রতিবেশী উপসাগরীয় রাষ্ট্রগুলোর সঙ্গে ভঙ্গুর সম্পর্কের প্রেক্ষাপটে এটি তেহরানের জন্য ঝুঁকিপূর্ণ পদক্ষেপ। তবে টেকসই যুদ্ধবিরতির জন্য উত্তেজনা বাড়ানোই ইরানের কাছে একমাত্র পথ বলে মনে হচ্ছে।

এই সংঘাতে তিন প্রধান পক্ষের লক্ষ্য ভিন্ন। ইসলামি প্রজাতন্ত্রের জন্য অগ্রাধিকার টিকে থাকা। সামরিক ও রাজনৈতিক সংহতি বজায় রেখে আঘাত সহ্য করা এবং পাল্টা প্রতিক্রিয়া চালিয়ে যাওয়া। ইরান প্রচলিত অর্থে জয়ের জন্য লড়ছে না, বরং শাসনব্যবস্থা টিকিয়ে রাখার জন্য লড়ছে।

অন্যদিকে ট্রাম্প এমন এক ফল চান, যা প্রমাণ করবে যে তিনি যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের প্রতিপক্ষকে নিষ্ক্রিয় করেছেন। তিনি ঘোষণা দিয়েছেন, লক্ষ্য অর্জন না হওয়া পর্যন্ত বোমাবর্ষণ চলবে। তাঁর কৌশল এই ধারণার ওপর দাঁড়িয়ে যে অবকাঠামো, কৌশলগত সম্পদ ও শীর্ষ নেতৃত্বকে লক্ষ্য করে ব্যাপক সামরিক শক্তি প্রয়োগ ইরানের কৌশলগত অবস্থান ভেঙে ফেলবে। ইরানকে আত্মসমর্পণ বা ভেতরকার ভাঙনের দিকে ঠেলে দেবে।

ইসরায়েলের লক্ষ্য অনেকাংশে যুক্তরাষ্ট্রের সঙ্গে মিললেও দেশটির মনোযোগ কিছুটা আলাদা। নেতানিয়াহু ইরানিদের শাসনব্যবস্থা পরিবর্তনের আহ্বান জানালেও ইসরায়েলের মূল উদ্দেশ্য ইরানকে অভ্যন্তরীণ সংকটে ব্যস্ত রাখা এবং কৌশলগতভাবে দুর্বল করে দেওয়া। দীর্ঘ মেয়াদে ইসরায়েল চায় ইরান যেন আঞ্চলিক প্রভাব বিস্তারে আর আগের মতো সক্ষম না থাকে।

প্রথম দিনের বোমাবর্ষণ ও খামেনির মৃত্যুর পর সামনে কয়েকটি সম্ভাব্য পথ দেখা যাচ্ছে। ইরানের উল্লেখযোগ্য ক্ষতি সাধনের পর যুক্তরাষ্ট্র অভিযান থামিয়ে দেখতে পারে, চাপ প্রয়োগে তেহরান ছাড় দেয় কি না। তখন অবশিষ্ট নেতৃত্বকে কঠিন সিদ্ধান্ত নিতে হবে, আংশিক শাসনব্যবস্থা টিকিয়ে রাখতে ওয়াশিংটনের দাবি তারা মানবেন কি না।

খামেনির অনুপস্থিতিতে ইরানের শাসন ব্যবস্থা স্বয়ংক্রিয়ভাবে ভেঙে পড়বে না। সংবিধান অনুযায়ী বিশেষজ্ঞ পরিষদ নতুন সর্বোচ্চ নেতা নিয়োগ করতে পারে। তবে বাস্তবে প্রভাব থাকবে রেভোল্যুশনারি গার্ড ও নিরাপত্তা প্রতিষ্ঠানের হাতে। তারা ক্ষমতার রূপান্তর কঠোরভাবে নিয়ন্ত্রণে রাখতে চাইবে। অন্তর্বর্তীকালীন সমষ্টিগত নেতৃত্বও গড়ে উঠতে পারে, যদিও তা সামরিক চাপের মুখে দুর্বল থাকবে।

দীর্ঘস্থায়ী সামরিক চাপ রাজনৈতিক অভিজাতদের মধ্যে বিভাজনও উন্মোচিত করতে পারে। অর্থনৈতিক সংকট, সামরিক ক্ষতি ও অভ্যন্তরীণ প্রতিদ্বন্দ্বিতা কেন্দ্রীয় কর্তৃত্বকে দুর্বল করতে পারে এবং বিরোধী শক্তির জন্য সুযোগ তৈরি করতে পারে। এতে রাষ্ট্রযন্ত্রের ভেতরে অনিশ্চয়তা আরও বাড়তে পারে।

সবচেয়ে অস্থিতিশীল পরিস্থিতি হবে নিয়ন্ত্রণহীন ভাঙন। লিবিয়ার অভিজ্ঞতা সতর্কবার্তা হিসেবে সামনে রয়েছে। মুয়াম্মার গাদ্দাফির পতনের পর সেখানে রূপান্তরটি শৃঙ্খলাপূর্ণ হয়নি, বরং প্রাতিষ্ঠানিক ভাঙন, সশস্ত্র গোষ্ঠীর সংঘর্ষ ও বহিরাগত হস্তক্ষেপ দেখা গেছে। ইরান অনেক বেশি জটিল ও প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী রাষ্ট্র হলেও, সুশৃঙ্খল রাজনৈতিক রূপান্তর ছাড়া শাসনব্যবস্থার শীর্ষ নেতৃত্বকে সরিয়ে দিলে সশস্ত্র গোষ্ঠীর উত্থান ও প্রক্সি প্রতিযোগিতার ঝুঁকি থেকে যায়।

এখনই স্পষ্ট যে মধ্যপ্রাচ্য আর আগের অবস্থায় ফিরবে না। উপসাগরীয় রাষ্ট্রগুলো, যারা তেহরানের সঙ্গে উত্তেজনা কমানোর চেষ্টা করছিল, তারা নতুন ঝুঁকির মুখে পড়েছে। জ্বালানি বাজার ও সামুদ্রিক নিরাপত্তা, বিশেষত গুরুত্বপূর্ণ নৌপথগুলো, আরও সংবেদনশীল হয়ে থাকবে। আঞ্চলিক শক্তিগুলো নতুন করে জোট ও প্রতিরক্ষা কৌশল মূল্যায়ন করবে।

ইরান হয়তো এই যুদ্ধ টিকে যাবে, কিন্তু ইসলামি প্রজাতন্ত্র আগের মতো থাকবে না। এই সংঘাতের নির্ণায়ক মুহূর্ত হবে কেবল প্রথম দফার হামলা নয়, বরং টানা সামরিক চাপে যে রাজনৈতিক বাস্তবতা তৈরি হবে তা। যুক্তরাষ্ট্র তাৎক্ষণিক লক্ষ্য অর্জন করতে পারে। তবে বড় প্রশ্ন হলো, এর পরবর্তী ইরান ও আঞ্চলিক বাস্তবতার জন্য তারা কতটা প্রস্তুত।

সানাম ভাকিল পরিচালক, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা কর্মসূচি, চ্যাথাম হাউস, দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত

খামেনি যুগের ইতি নতুন নেতৃত্ব কে?





প্রথম পৃষ্ঠার পর

করেছিলেন ইরানে। শনিবার যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক ও বিমান হামলায় শনিবার ৮৬ বছর বয়সে নিহত হয়েছেন খামেনি। এ হামলা অন্তত আরো ৪০ ইরানী কর্মকর্তাও নিহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক মাধ্যমে এই সংবাদ নিশ্চিত করেন, পরে ইরানের রাষ্ট্রায়ত্ত গণমাধ্যমও বিষয়টি স্বীকৃতি দেয়। খামেনি ১৯৮৯ সাল থেকে ইরানের সর্বোচ্চ নেতা ছিলেন, এবং তার আমলে দেশের ভেতরে ভিন্নমত কঠোরভাবে দমন করা হয়। ২০০৯, ২০১৭, ২০১৯ সালের বিক্ষোভ এবং ২০২২ সালে মাহসা আমিনির মৃত্যুর পর সারা দেশে আন্দোলন চলাকালীন তিনি নিরাপত্তা বাহিনীকে কঠোর পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছিলেন। দেশের অভ্যন্তরে তিনি সংস্কারপন্থী উদ্যোগ বারবার আটকে দেন। সরকারবিরোধী বিক্ষোভকে "বিদেশি ষড়যন্ত্র" আখ্যা দিয়ে নিরাপত্তা বাহিনী দিয়ে কঠোর দমন চালান। ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর ক্ষমতা বহুগুণ বাড়ানো হয়, যার গোয়েন্দা শাখা ভিন্নমত দমনে বড় ভূমিকা রাখে। বিদেশনীতিতে তিনি গাজা, লেবানন, ইরাক ও ইয়েমেনে মিত্র মিলিশিয়াদের সহায়তা দিয়ে ইরানের প্রভাব বিস্তার করেছেন, হিজবুল্লাহকে শক্তিশালী করেছেন এবং সৌদি আরবের সঙ্গে আঞ্চলিক প্রতিদ্বন্দ্বিতা তীব্র করেছেন।

তার মৃত্যু ইরানের জন্য এক যুগের, এক অধ্যায়ের অবসান হলো। সামনে কী ধরনের রাজনৈতিক রূপান্তর অপেক্ষা করছে, তা এখনো অনিশ্চিত। শনিবার শুরু হওয়া এ হামলায় রবিবার পর্যন্ত অনেক বেসামরিক ইরানী নাগরিকও মারা গেছেন। ইরানে পাল্টা হামলায় ৩ ইউএস সেনাও নিহত হয়েছেন।

এখন প্রশ্ন উঠেছে, ইরানের পরবর্তী সর্বোচ্চ নেতা কে হচ্ছেন? আপাতত দায়িত্ব পালন করবে ইরানের 'লিডারশিপ কাউন্সিল'। সেখানে নতুন সদস্য হয়েছেন ইরানের প্রভাবশালী সাংবিধানিক সংস্থা গার্ডিয়ান কাউন্সিলের ধর্মীয় নেতা আলী রেজা আরাফি। তিন সদস্যের এই কাউন্সিলের অন্য দুই সদস্য হলেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান ও প্রধান বিচারপতি মোহসেনি এজেই।

এই লিডারশিপ কাউন্সিলের হাতে দায়িত্ব থাকাকালে দু-এক দিনের মধ্যে ইরানের নতুন সর্বোচ্চ নেতা নির্বাচিত করা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। আর আইআরজিসির কমান্ডার মোহাম্মদ পাকপুর নিহত হওয়ার পর সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, বাহিনীটির প্রধান হতে পারেন আহমাদ ভাহিদি। দুই মাস আগে আইআরজিসির উপপ্রধান হিসেবে তাঁকে নিয়োগ দিয়েছিলেন খামেনি।

এদিকে ইসরায়েল ও ইরানের মধ্যে নতুন করে হামলা-পাল্টা হামলার প্রেক্ষাপটে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে বলেছেন, আমেরিকানদের হতাহতের ঘটনা "আবারও ঘটতে পারে।" অপরদিকে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর দাবি করেছে, ইরানের আসন্ন হুমকি ঠেকাতেই তারা হামলা চালিয়েছে। তবে এখন পর্যন্ত এ দাবির পক্ষে কোনো সুনির্দিষ্ট প্রমাণ উপস্থাপন করা হয়নি। প্রশাসনের এমন দাবি নিয়ে নতুন





প্রশ্ন উঠেছে।

নিউইয়র্ক টাইমস জানায়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের প্রতি তার অবস্থান ছিল কঠোর ও অবিচল। ২০১৫ সালে আন্তর্জাতিক চাপে একটি ঐতিহাসিক পারমাণবিক চুক্তিতে সম্মতি দিলেও তিন বছর পর যুক্তরাষ্ট্র চুক্তি থেকে সরে গেলে উত্তেজনা আবার বাড়ে। ইরান ইউরেনিয়াম সমৃদ্ধকরণ পুনরায় শুরু করে, আর নিষেধাজ্ঞার চাপে অর্থনীতি দুর্বল হয়ে পড়ে।

২০২০ সালে যুক্তরাষ্ট্রের ড্রোন হামলায় বিপ্লবী গার্ডের শীর্ষ কমান্ডার কাসেম সোলাইমানি নিহত হলে দুই দেশের মধ্যে সরাসরি সংঘাতের আশঙ্কা দেখা দেয়। এর জবাবে ইরান ইরাকে মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায়। একই বছর ভুলবশত একটি ইউক্রেনীয় যাত্রীবাহী বিমান ভূপাতিত করে ইরান, যাতে ১৭৬ জন নিহত হন। ঘটনাটি নিয়ে সরকারের প্রাথমিক অস্বীকার জনগণের ক্ষোভ আরও বাড়িয়ে তোলে।

চলতি বছরের জানুয়ারিতে ইরানে অর্থনৈতিক ইস্যুতে শুরু হওয়া বিক্ষোভে নিরাপত্তা বাহিনীকে গুলি চালানোর নির্দেশ দেন খামেনি। সরকারি হিসাবে কয়েক হাজার মানুষ নিহত হয়, মানবাধিকার সংগঠনগুলো আরও বেশি মৃত্যুর দাবি করে। তার শেষ বছরগুলোতে অনেক ইরানি তাকে দুর্নীতিগ্রস্ত ও দমনমূলক শাসনের প্রতীক হিসেবে দেখতেন।

১৯৩৯ সালে মাশহাদে জন্ম নেওয়া সাইয়্যিদ আলি হোসেইনি খামেনি ধর্মীয় শিক্ষায় বেড়ে ওঠেন। তরুণ বয়সে শাহবিরোধী আন্দোলনে যুক্ত হয়ে একাধিকবার গ্রেপ্তার হন। ১৯৮১ সালে ইরানের প্রেসিডেন্ট হন এবং ১৯৮৯ সালে খোমেনির মৃত্যুর পর সর্বোচ্চ নেতা হিসেবে দায়িত্ব নেন। সংবিধানের শর্ত পূরণে তাকে দ্রুত আয়াতুল্লাহ উপাধি দেওয়া হয় এবং আইন সংশোধন করা হয়।

৩৫ বছরের বেশি সময় ক্ষমতায় থেকে তিনি রাষ্ট্রের কাঠামোকে নিজের দৃষ্টিভঙ্গি অনুযায়ী গড়ে তোলেন। সমর্থকদের কাছে তিনি দৃঢ় ও কৌশলী নেতা, যিনি আন্তর্জাতিক চাপের মুখেও নতি স্বীকার করেননি। সমালোচকদের কাছে তিনি কঠোর শাসক, যার নীতিতে দেশ আন্তর্জাতিকভাবে বিচ্ছিন্ন ও অভ্যন্তরীণভাবে দমবদ্ধ পরিস্থিতিতে পড়ে।

সিএনএন জানায়, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে বলেছেন, ইসরায়েল ও ইরানের মধ্যে নতুন করে হামলা-পাল্টা হামলার আমেরিকানদের হতাহতের ঘটনা "আবারও ঘটতে পারে।"

রোববার কংগ্রেস সদস্যদের সহকারীদের দেওয়া এক ব্রিফিংয়ে পেন্টাগনের কর্মকর্তারা স্বীকার করেন, ইসরায়েল আগে হামলা না করলে ইরান মধ্যপ্রাচ্যে মার্কিন বাহিনী বা ঘাঁটিতে আঘাত হানার পরিকল্পনা করছিল না। ব্রিফিংয়ে উপস্থিত একাধিক ব্যক্তির মতে, এই বক্তব্য প্রশাসনের আগের দাবি ইরান আগাম হামলার প্রস্তুতি নিচ্ছিল এবং তাৎক্ষণিক হুমকি তৈরি করেছিল এর সঙ্গে সাংঘর্ষিক।

সোমবার ভোরে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী জানায়, লেবানন থেকে ছোড়া একটি ক্ষেপণাস্ত্র ইসরায়েলি ভূখণ্ডে প্রবেশের আগেই প্রতিহত করা হয়েছে। আরও কয়েকটি ক্ষেপণাস্ত্র খোলা স্থানে পড়েছে; হতাহত বা ক্ষয়ক্ষতির খবর নেই। উত্তর ইসরায়েলের বিভিন্ন এলাকায় ড্রোন হামলার সতর্ক সংকেত বেজে ওঠে। এ হামলার দায় কার, তা তাৎক্ষণিকভাবে স্পষ্ট হয়নি। তবে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ রোববারই সতর্ক করে বলেছিল, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি নিহত হওয়ার জবাবে তারা "দায়িত্ব পালন করবে।" যদি হিজবুল্লাহ এর পেছনে থাকে, তবে তা হবে ২০২৪ সালের নভেম্বরে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় যুদ্ধবিরতির পর তাদের প্রথম রকেট হামলা।

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার রোববার জানান, ইরানের ক্ষেপণাস্ত্র স্থাপনায় অভিযানের জন্য যুক্তরাষ্ট্রের বাহিনীকে ব্রিটিশ সামরিক ঘাঁটি ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে।

দক্ষিণ ফ্লোরিডা থেকে ওয়াশিংটনে ফেরার পথে প্রেসিডেন্ট ট্রাম্প সাংবাদিকদের সঙ্গে কথা বলেননি, যা তার স্বাভাবিক রীতি থেকে ভিন্ন। তিনি সপ্তাহান্ত কাটিয়েছেন ফ্লোরিডায় তার মার-আ-লাগো এস্টেটে।

প্রায় দুই দশক আগে ইরানে নিখোঁজ হওয়া সাবেক এফবিআই এজেন্ট রবার্ট লেভিনসনের পরিবার এক বিবৃতিতে ট্রাম্প প্রশাসনের প্রশংসা করে বলেছে, যুক্তরাষ্ট্রের শক্তি প্রয়োগ করে ইরানকে জবাবদিহির মুখে দাঁড় করানো হয়েছে। তবে তারা স্পষ্ট করেছে, খামেনেইর মৃত্যু তাদের বাবার অপহরণ, আটক ও মৃত্যুর সত্য উদঘাটনের দাবি শেষ করে না। তারা ইরানের কাছে পূর্ণ জবাবদিহি ও মরদেহ ফিরিয়ে দেওয়ার আহ্বান জানিয়েছে।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, লস অ্যাঞ্জেলেস ও ফিনিক্স জনবহুল কয়েকটি শহরে উপাসনালয় ও কমিউনিটি এলাকাসহ সংবেদনশীল স্থানে আইনশৃঙ্খলা বাহিনীর উপস্থিতি বাড়ানো হয়েছে। স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে, এখন পর্যন্ত বিশ্বাসযোগ্য কোনো হুমকি নেই, তবে পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। নিউইয়র্ক পুলিশ সাংস্কৃতিক ও কূটনৈতিক স্থাপনায় টহল জোরদার করেছে। ফিনিক্সে স্থানীয় নেতৃত্বের সঙ্গে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। লস অ্যাঞ্জেলেসের মেয়র ক্যারেন বাস বাসিন্দাদের শান্তিপূর্ণভাবে মত প্রকাশের আহ্বান জানিয়েছেন।

অভিযান 'এপিক ফিউরি'-এর অংশ হিসেবে তিন ইউএস সেনা সদস্য কুয়েতে একটি আমেরিকান ঘাঁটিতে সন্দেহভাজন ড্রোন হামলায় রোববার ভোরে নিহত হন বলে একাধিক সূত্র জানিয়েছে। কেন্দ্রীয় কমান্ড সামাজিক মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেছে।

এদিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর আন্তর্জাতিক ৬-এর পৃষ্ঠায় দেখুন

খামেনি যুগের ইতি নতুন নেতৃত্ব কে?

৫-এর পৃষ্ঠার পর

জ্বালানি বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেলের দাম প্রায় ১২ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি প্রায় ৭৫ ডলারে পৌঁছেছে। আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুডের দাম ১২ শতাংশের বেশি বেড়ে প্রায় ৮২ ডলারে উঠেছে। একই সঙ্গে শেয়ারবাজারের সূচক ফিউচার এক শতাংশের বেশি কমেছে, যদিও এক্সন, শেভরনসহ তেল কোম্পানিগুলোর শেয়ারদর বেড়েছে।

ট্রাম্প সামাজিক মাধ্যমে প্রকাশিত এক ভিডিওতে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ অভিযানের ব্যাপকতা তুলে ধরেন। তবে কর্মকর্তারা আশঙ্কা করছেন, ইরানের পাল্টা প্রতিক্রিয়ায় বিদেশে আমেরিকান স্থাপনা ও কর্মীদের লক্ষ্য করে আত্মঘাতী হামলা বা আরও ক্ষেপণাস্ত্র আঘাত আসতে পারে।

উপসাগরীয় সহযোগিতা পরিষদ রোববার এক জরুরি ভার্চুয়াল বৈঠকে ইরানের হামলার নিন্দা জানিয়ে সদস্য রাষ্ট্রগুলোর নিরাপত্তা রক্ষায় "প্রয়োজনীয় সব ব্যবস্থা" নেওয়ার অধিকার রয়েছে বলে জানায়। সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, বাহরাইন ও ওমানকে নিয়ে গঠিত এই জোটের বেশ কয়েকটি দেশে বড় আমেরিকান সামরিক ঘাঁটি রয়েছে।

এদিকে পলিটিকোর প্রকাশিত প্রতিবেদনের তথ্যমতে জানা গেছে, যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর দাবি করেছে, ইরানের আসন্ন হুমকি ঠেকাতেই তারা হামলা চালিয়েছে। তবে এখন পর্যন্ত এ দাবির পক্ষে কোনো সুনির্দিষ্ট প্রমাণ উপস্থাপন করা হয়নি। গোলাগুলি শুরু হওয়ার পর যুদ্ধের পক্ষে যুক্তি দাঁড় করানোর যে চেষ্টা ট্রাম্প প্রশাসন করছে, তার নজির ইতিহাসে খুবই বিরল বলে মনে করছেন বিশ্লেষকেরা।

১ মার্চ ২০২৬ তারিখে পরিচালিত অভিযানে একটি আর্লি বার্ক শ্রেণির নির্দেশিত ক্ষেপণাস্ত্রবাহী যুদ্ধজাহাজ থেকে টমাহক ভূল আক্রমণ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়। ট্রাম্প প্রশাসন বলছে, তেহরানের পক্ষ থেকে আসন্ন আক্রমণ ঠেকাতে ব্যাপক ও প্রাণঘাতী হামলার নির্দেশ দেওয়া হয়েছিল। কিন্তু ইরান এমন কোনো পরিকল্পনা করছিল এমন প্রমাণ এখনো প্রকাশ করা হয়নি।

হোয়াইট হাউস, কয়েক দশকের মধ্যে অঞ্চলে সর্ববৃহৎ সামরিক সমাবেশের মধ্যেও, এখনো জনসাধারণ বা কংগ্রেসকে স্পষ্টভাবে জানায়নি কোন ইরানি হুমকি এত বড় হামলার কারণ হলো। যুক্তরাষ্ট্র ইরানে ক্ষেপণাস্ত্র, ড্রোন ও দূরপাল্লার গোলাবর্ষণ শুরু করার ১২ ঘণ্টারও বেশি সময় পর প্রশাসন প্রথমবারের মতো তাদের যুক্তি তুলে ধরে। এক জ্যেষ্ঠ কর্মকর্তা সাংবাদিকদের বলেন, অপেক্ষা করলে সম্ভাব্য ইরানি হামলায় মার্কিন সেনাদের আরও বেশি হতাহতের আশঙ্কা ছিল। একই ব্রিফিংয়ে অন্য দুই কর্মকর্তা জানান, ইরান সম্পূর্ণভাবে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ বন্ধে রাজি না হওয়ায় প্রেসিডেন্ট হামলার নির্দেশ দেন।

তবে গোলাগুলি শুরু হওয়ার পর যুদ্ধের যৌক্তিকতা খোঁজার এমন প্রচেষ্টা সাম্প্রতিক ইতিহাসে বিরল। ভিয়েতনাম যুদ্ধের পর থেকে বড় সামরিক অভিযানের পর পেন্টাগন ব্রিফিং করে আসলেও, হামলার প্রায় ৩৬ ঘণ্টা পরও কোনো আনুষ্ঠানিক ব্রিফিং হয়নি। অতীতের প্রেসিডেন্টদের মতো কংগ্রেস, মিত্রদেশ বা জাতিসংঘের সমর্থন আদায়েরও তেমন চেষ্টা দেখা যায়নি। যেমন ইরাক যুদ্ধে জর্জ ডব্লিউ বুশ সিনেটের অনুমোদন নিয়েছিলেন, বা কুয়েত আক্রমণের পর জর্জ এইচ ডব্লিউ বুশ জাতিসংঘের সমর্থন চেয়েছিলেন এবার তেমন পদক্ষেপ নেওয়া হয়নি।

নিউ জার্সির ডেমোক্র্যাট সিনেটর অ্যান্ডি কিম বলেন, "যে আসন্ন হুমকির কথা বলা হচ্ছে, তা সম্ভবত আমাদের নজিরবিহীন সামরিক সমাবেশের প্রতিক্রিয়া ছিল। প্রেসিডেন্ট আগে সিদ্ধান্ত নিয়েছেন, পরে তার পক্ষে যুক্তি খোঁজা হয়েছে।"

রোববার কিছু কংগ্রেস সদস্যের সহকারীদের ব্রিফ করা হলেও, উপস্থিত দুই ব্যক্তি জানান ইরান যুক্তরাষ্ট্রের সেনাদের ওপর তাৎক্ষণিক হামলার প্রস্তুতি নিচ্ছিল এমন স্পষ্ট প্রমাণ সেখানে দেখানো হয়নি।

মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও, প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ, জয়েন্ট চিফসের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন এবং কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার পরিচালক জন র‍্যাটক্লিফ প্রতিনিধি পরিষদের সদস্যদের ব্রিফ করবেন বলে জানা গেছে। সেনেট সদস্যদের সঙ্গেও তাদের বৈঠক হওয়ার কথা রয়েছে।

ইউএস কেন্দ্রীয় কমান্ড জানিয়েছে, হামলায় এমন স্থাপনাগুলোকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, যেগুলো তাৎক্ষণিক হুমকি সৃষ্টি করছিল– যেমন বিমান প্রতিরক্ষা ব্যবস্থা, ড্রোন ও ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র এবং সামরিক বিমানঘাঁটি। তবে যুক্তরাষ্ট্রের সেনাদের বিরুদ্ধে নির্দিষ্ট সময়সীমাবদ্ধ কোনো হুমকির কথা উল্লেখ করা হয়নি। প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ সামাজিক মাধ্যমে লিখেছেন, "সংঘাত শুরু করেনি যুক্তরাষ্ট্র, তবে শেষ করবে যুক্তরাষ্ট্রই।"

গোপন তৎপরতার অংশ হিসেবে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা কয়েক সপ্তাহ ধরে কিছু ইরানি কর্মকর্তার সঙ্গে যোগাযোগ বাড়িয়েছিল বলে জানা গেছে। ওই তথ্যের ভিত্তিতেই শনিবারের হামলার সময় ও লক্ষ্য নির্ধারণ করা হয়, যাতে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনিসহ শীর্ষ কর্মকর্তারা নিহত হন বলে দাবি করা হয়েছে।

হোয়াইট হাউস এক বিবৃতিতে বলেছে, কূটনৈতিক সমাধানই ছিল প্রেসিডেন্টের প্রথম পছন্দ। তবে ইরান বাস্তবসম্মত আলোচনায় রাজি না হওয়ায় সামরিক পদক্ষেপ নিতে হয়েছে।

এদিকে প্রশাসনের যুক্তি নিয়ে সন্দেহ বাড়ছে, বিশেষ করে রোববার ইরানের পাল্টা হামলায় প্রথম ইউএস সেনা নিহত হওয়ার পর। সেনেট গোয়েন্দা কমিটির সহসভাপতি মার্ক ওয়ার্নার বলেন, তিনি এমন কোনো গোয়েন্দা তথ্য দেখেননি যা প্রমাণ করে ইরান যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে আগাম হামলার দ্বারপ্রান্তে ছিল। তার ভাষায়, এটি ছিল "পছন্দের যুদ্ধ।"

কিছু আইনপ্রণেতা মনে করছেন, ইরান ও তাদের মিত্র সংগঠনগুলো অবশ্যই ঝুঁকি তৈরি করেছিল, তবে বিদ্যমান প্রতিরক্ষা ব্যবস্থার মাধ্যমে তা নিয়ন্ত্রণে রাখা সম্ভব ছিল। তাদের মতে, ইরানের কাছে এমন ক্ষেপণাস্ত্র নেই যা যুক্তরাষ্ট্রে আঘাত হানতে পারে, এবং নিকট ভবিষ্যতেও তা সম্ভব নয়।

বিশেষজ্ঞদেরও অনেকে হামলার আগে তাৎক্ষণিক বিপদের ইঙ্গিত দেখেননি। নিরস্ত্রীকরণ বিষয়ক সংগঠনের প্রধান ড্যারিল কিমবল বলেন, একটি পারমাণবিক অস্ত্র তৈরির মতো পর্যাপ্ত উপাদান সমৃদ্ধ করতে ইরানের কয়েক মাস সময় লাগবে এবং যুক্তরাষ্ট্র গত বছর যে স্থাপনাগুলো ক্ষতিগ্রস্ত করেছিল, সেগুলো পুনর্গঠনে লাগবে আরও কয়েক বছর।

পররাষ্ট্রনীতি বিশ্লেষক রিচার্ড হাসের মতে, ইরান যে হুমকি তৈরি করছিল তা নিয়ন্ত্রণযোগ্য ছিল। তার ভাষায়, এটি ছিল "প্রতিরোধমূলক যুদ্ধ, আগাম আত্মরক্ষামূলক নয়।"

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার সাথে এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

Bangladesh Society, Inc
বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক

০১ মার্চ, ২০২৬, রোববার
JOYA HALL ♦ 4:00PM
63-108 Woodhaven Blvd, Rego Park, NY 11374

ব্রঙ্কস
১১ মার্চ, বুধবার
Golden Palace
1451 Unionport Rd, Bronx, NY 10462

ব্রুকলিন
১৩ মার্চ, শুক্রবার
Radhuni Restaurant
483 McDonald Ave, Brooklyn, NY 11218

জ্যামাইকায়
০৯ মার্চ, সোমবার
Ikra Party Hall
89-16 175th St, Jamaica, NY 11432

দোয়া ও ইফতার মাহফিল ২০২৬



Scan For Pre-Registration

আসসালামু আলাইকুম

সম্মানিত সুধী পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশ সোসাইটির আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের জন্য ১০ম পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল, ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। ইফতার ও দোয়া মাহফিলে আপনারা সপরিবারে আমন্ত্রিত।

উপ-কমিটি

মোঃ কামরুজ্জামান কামরুল
আহ্বায়ক
৭১৮-৯৭১-৪৭৬৯

ডিউক খান
প্রধান সমন্বয়কারী, ৭১৮-২১৯-৭৯৭৭

অনিক রাজ
সদস্য সচিব
৯৩৪-৪৪৪-১৮৬৩

মোহাম্মদ হাসান (জিলানী)
যুগ্ম-আহ্বায়ক
৯১৭-৯৭১-৭৭৯৩

হাসান খান
সমন্বয়কারী, ৩১৩-৩২৭-৯৪১৮

আবুল কাশেম চৌধুরী
যুগ্ম-সদস্য সচিব
৬৪৬-৫১০-৬২৪৫

আমন্ত্রণে

আতাউর রহমান সেলিম
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

কার্যকরী পরিষদ

মো: মহিউদ্দীন দেওয়ান *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, **মো: কামরুজ্জামান কামরুল** *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, **আবুল কালাম ভূইয়া** *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, **মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)** *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৬-২৮০২, **ডিউক খান** *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮৩-৫৪৯৯, **অনিক রাজ** *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯৩৪-৪৪৪-১৮৬৩, **রিজু মোহাম্মদ** *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬৩৭, **জামিল আনসারী** *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, **মো: আখতার বাবুল** *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, **আশ্রাব আলী খাঁন লিটন** *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, **মোহাম্মদ হাসান (জিলানী)** *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, ***কার্যকরী সদস্য:*** **হারুন উর রশিদ** ৯১৭-৪৪৩-৭৮৩৮, **জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী** ৭১৮-৭৩৭-২৭৪৮, **মোঃ সিদ্দিক পাটওয়ারী** ৭১৮-২১৯-৭৯৭৭, **আবুল কাশেম চৌধুরী** ৬৪৬-৫১০-৬২৪৫, **মুনসুর আহমেদ** ৯২৯-৯২০-৬০৫৬ ও **হাসান খান** ৩১৩-৩২৭-৯৪১৮

ইরানে হামলার প্রতিবাদে টাইমস স্কোয়ারে বিক্ষোভ

শেষ পৃষ্ঠায় পর

নতুন করে অস্থিরতা ও সংঘাত বাড়াবে। তারা অভিযোগ করেন, কংগ্রেসের অনুমোদন ছাড়াই এ ধরনের সামরিক পদক্ষেপ নেওয়া গণতান্ত্রিক প্রক্রিয়ার পরিপন্থী।

আয়োজকদের একজন বলেন, "একটির পর একটি উদ্বেগজনক ঘটনা ঘটছে। এখন আবার যুদ্ধ এটি কোনো সমাধান নয়।" আরেকজন বিক্ষোভকারী বলেন, "ইরানের জনগণের নিজেদের ভবিষ্যৎ নির্ধারণের অধিকার রয়েছে, বাইরের হস্তক্ষেপ পরিস্থিতিকে আরও জটিল করবে।"

বিক্ষোভে অংশ নেওয়া কিছু মানুষের জন্য বিষয়টি ব্যক্তিগতও ছিল। একজন ইরান-আমেরিকান বিক্ষোভকারী বলেন, তার পরিবার একসময় ইরান ছেড়ে যুক্তরাষ্ট্রে আশ্রয় নিতে বাধ্য হয়েছিল। তিনি স্বীকার করেন যে পরিবর্তনের প্রয়োজন থাকতে পারে, তবে যুদ্ধ কখনোই সেই সমাধান নয়। "বোমা ফেলে নিরীহ মানুষ হত্যা করে গণতন্ত্র আনা যায় না," বলেন তিনি।

বিক্ষোভকারীরা আরও অভিযোগ করেন, দেশের ভেতরের বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যু– যেমন অর্থনৈতিক চাপ, মূল্যস্ফীতি বা রাজনৈতিক বিতর্ক– থেকে জনগণের দৃষ্টি সরাতে এই সামরিক পদক্ষেপ নেওয়া হতে পারে।

এদিন বিকেলে বিক্ষোভে অংশগ্রহণকারীর সংখ্যা প্রায় এক হাজারে পৌঁছায়। তারা Times Square থেকে মিছিল শুরু করে Columbus Circle পর্যন্ত যান, ফলে ওই এলাকায় কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হয়।

বিক্ষোভকারীরা "যুদ্ধ নয়, শান্তি চাই" স্লোগান দিয়ে জানান, তারা এই ইস্যুতে নীরব থাকবেন না। তাদের দাবি, সরকারকে যুদ্ধের পরিবর্তে মানবিক সহায়তা ও কূটনৈতিক সমাধানের পথে এগোতে হবে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

শিক্ষার্থী সহ বহু হতাহত হয়েছে। এই হামলা নিয়ে বিশ্ববাসী উদ্বিগ্ন। আশঙ্কা তৃতীয় বিশ্ব যুদ্ধের। ইরানে হামলার ঘটনা এখন 'টপ অব দ্যা ওয়ার্ল্ড'-এ পরিণত হয়েছে। বিভিন্ন দেশের মতো নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের সর্বত্রই এখন আলোচিত হচ্ছে হামলার ঘটনা। চলছে পক্ষে-বিপক্ষে বাদানুবাদ। সোস্যাল মিডিয়াতেও চলছে নানা কথা। 'আমেরিকার মাটিতে বসে 'আমেরিকা-ইরান' যুদ্ধ নিয়ে সোশ্যাল মিডিয়ায় 'আবেগঘন' পোস্ট দেওয়ার ব্যাপারে সতর্কতা অবলম্বন করা শ্রেয়'-এমন মন্তব্য করেছেন কেউ কেউ। কিন্তু কেন? এমন প্রশ্নও অনেকেরও। এসব নানা প্রশ্নের মধ্যে বড় প্রশ্ন হচ্ছে আসলেই কি 'তৃতীয় বিশ্ব যুদ্ধ' আসন্ন?

০১ মার্চ ২০২৬

'ছদ্মবেশে' আইস এজেন্টদের অভিযানে উদ্বেগ

প্রথম পৃষ্ঠার পর

"সন্দেহজনক দুই ব্যক্তি" সম্পর্কে একটি ৯১১ কল পাওয়ার পর নিউইয়র্ক পুলিশ বিভাগ (এনওয়াইপিডি) ঘটনা'লে পৌঁছায়। সেখানে তারা দেখতে পায়, আইস কর্মকর্তারা একটি বিশেষ অভিযানের অংশ হিসেবে ভবনের ভেতরে অবস'ান করছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি, আইসিই কর্মকর্তারা নিজেদের পুলিশ পরিচয় দিয়ে এবং একটি "নিখোঁজ শিশুর" ছবি দেখিয়ে ভবনে প্রবেশ করেন। এরপর তারা আজারবাইজান থেকে আসা আন্তর্জাতিক শিক্ষার্থী এলি আগায়েভার অ্যাপার্টমেন্টে যান। অভিবাসন কর্তৃপক্ষের অভিযোগ, তিনি তার ভিসার মেয়াদ অতিক্রম করেছিলেন।

এই ঘটনাকে ঘিরে ডেমোক্র্যাটদের পক্ষ থেকে তীব্র সমালোচনা ও তদন্তের দাবি উঠেছে। বিষয়টি এমন পর্যায়ে পৌঁছায় যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিজেও এতে হস্তক্ষেপ করেন এবং নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানির সঙ্গে বৈঠকে অনুরোধের পর ওই শিক্ষার্থীকে মুক্তি দেওয়া হয়।

তবে নতুন তথ্য সামনে আসায় আইস ও স'ানীয় পুলিশের মধ্যে সম্পর্কেও টানাপোড়েনের আশঙ্কা তৈরি হয়েছে। অভিযোগ রয়েছে, সাম্প্রতিক সময়ে আইসিই কর্মকর্তারা ইউটিলিটি কর্মী, ডেলিভারি কর্মীসহ বিভিন্ন পেশার ছদ্মবেশ ব্যবহার করে অভিবাসন অভিযান চালা"ছেন।

বিশেষজ্ঞদের মতে, এ ধরনের কৌশল আইনগতভাবে অবৈধ না হলেও এর ফলে জরুরি পরিস্থিতিতে সাধারণ মানুষ পুলিশের প্রতি আস্থা হারাতে পারেন। সাবেক এনওয়াইপিডি কর্মকর্তা মাইকেল আলকাজার বলেন, "যদি সত্যিই কোনো বিপদে পুলিশ সাহায্য চাইতে আসে, মানুষ তখন সহযোগিতা করতে দ্বিধায় পড়বে।"

তবে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন বিশ্ববিদ্যালয়ের বক্তব্যের কিছু অংশ অস্বীকার করেছেন। তার দাবি, আইস কর্মকর্তারা নিজেদের পরিচয় দিয়েছিলেন এবং ব্যাজ পরিহিত ছিলেন। যদিও তারা "নিখোঁজ শিশুর গল্প" ব্যবহার করেছিলেন কি না, সে বিষয়ে স্পষ্ট কিছু বলেননি।

ঘটনাটি নিয়ে শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ও বিভ্রান্তি দেখা দিয়েছে এবং ক্যাম্পাসে বিক্ষোভও হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষার্থীর আইনজীবীরা অভিযোগ করেছেন, গ্রেপ্তারের সময় কোনো কারণ জানানো হয়নি ওই শিক্ষার্থীকে।

আইন বিশেষজ্ঞদের মতে, এমন প্রতারণামূলক কৌশল ব্যবহার করে গ্রেপ্তার করা হলে তা আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি মানুষের আস্থা ক্ষুণ্ন করতে পারে, যা ভবিষ্যতে অপরাধ দমন কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

আইসকে ট্যাক্সদাতার গোপন তথ্য দিয়েছে আইআরএস

প্রথম পৃষ্ঠার পর

করা তথ্যের অধিকাংশ ক্ষেত্রেই করদাতাদের অতিরিক্ত তথ্য সরবরাহ করা হয়। যা ব্যক্তিগত তথ্য সুরক্ষার নিয়মের পরিপন্থী।

রায়ে বিচারক বলেন, আইআরএস নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে যে আইস এর অনুরোধ আইনগত শর্ত পূরণ করেছে কি না। ফলে এমন পরিস্থিতিতেও গোপন ঠিকানা তথ্য প্রকাশ করা হয়েছে। ট্রাম্প প্রশাসন এ রায়ের বিরুদ্ধে আপিল করেছে।

করদাতা অধিকারবিষয়ক সংগঠন সেন্টার ফর টেক্সপেয়ার রাইটস এর প্রতিষ্ঠাতা নিনা ওলসন বলেন, "আমরা শুরু থেকেই বলে আসছিলাম, আইআরএস এমন একটি অবৈধ নীতি অনুসরণ করছে যা ইন্টারনাল রেভিনিউ কোডের সুরক্ষা বিধান লঙ্ঘন করে ঠিকানা তথ্য প্রকাশ করছে।"

গত এপ্রিলে ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট এবং হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম একটি তথ্য-আদানপ্রদান চুক্তিতে স্বাক্ষর করেন। ওই চুক্তি অনুযায়ী, যুক্তরাষ্ট্রে অবৈধভাবে অবস্থানকারী অভিবাসীদের নাম-ঠিকানা আইস কর্তৃপক্ষ আইআরএসকে পাঠিয়ে কর রেকর্ডের সঙ্গে মিলিয়ে দেখতে পারে। এই চুক্তির জেরে তৎকালীন ভারপ্রাপ্ত আইআরএস কমিশনার পদত্যাগ করেন।

এ চুক্তিকে চ্যালেঞ্জ করে একাধিক মামলা এখনো চলমান। এদিকে সম্প্রতি ইউএস কোর্ট অব আপিলস ফর দ্য ডিসি সার্কিট এর তিন বিচারকের একটি প্যানেল অভিবাসী অধিকার সংগঠন 'স্যান্ট্রো দ্য ট্রুবাজাডোর্স ইউনিডোস'এর করা প্রাথমিক নিষেধাজ্ঞার আবেদন খারিজ করে দেয়। বিচারক হ্যারি টি অ্যাডওয়ার্ডস লিখেছেন, সংশ্লিষ্ট সংগঠনগুলো মামলার মূল বিষয়ে সফল হওয়ার সম্ভাবনা কম, কারণ যে তথ্য শেয়ার করা হয়েছে তা আইআরএসের গোপনীয়তা আইনের আওতায় পড়ে না।

তবে পৃথক দুটি আদালতের আদেশে আইআরএস ও ডিএইচএসের মধ্যে ব্যাপক তথ্য হস্তান্তর সাময়িককভাবে স্থগিত রয়েছে এবং আইসিইকে তাদের হাতে থাকা আইআরএসের তথ্য ব্যবহারেও বাধা দেওয়া হয়েছে। এই প্রাথমিক নিষেধাজ্ঞাগুলো এখনো বহাল রয়েছে।

এসে খালি হাতে ফিরলেন ২৯ বাংলাদেশি

প্রথম পৃষ্ঠার পর

বাংলাদেশি। সর্বশেষ এই ২৯ জনকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করে নিজ দেশে পাঠানো হলো। গত শনিবার (২৮ ফেব্রুয়ারি) সকাল ১০টা ৪৫ মিনিটে যুক্তরাষ্ট্রের একটি বিশেষ ফ্লাইটে তারা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান।

বিমানবন্দরে পৌঁছানোর পর প্রবাসী কল্যাণ ডেস্ক ও এভিয়েশন সিকিউরিটি (এভসেক)-এর সহায়তায় ফেরত আসা কর্মীদের জরুরি সহায়তা ও বাড়ি যাওয়ার জন্য পরিবহন সুবিধা প্রদান করে ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম।

এ নিয়ে ২০২৫ সালের শুরু থেকে এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো বাংলাদেশির সংখ্যা দাঁড়িয়েছে ৩২২ জনে। সর্বশেষ গত ২০ জানুয়ারি ৩৬ জন বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছিল।

শনিবার ফেরত যাওয়া ২৯ জনের মধ্যে নোয়াখালীর ১৪ জন, ঢাকার ৭ জন, কুমিল্লার ২ জন, মুন্সীগঞ্জের ৩ জন এবং ফেনী, মৌলভীবাজার, সিলেট ও মাদারীপুরের একজন করে রয়েছেন।

জানা গেছে, ফেরত পাঠানো ব্যক্তিদের অধিকাংশই প্রথমে বৈধভাবে ব্রাজিলে যান। পরে সেখান থেকে মেক্সিকো হয়ে অবৈধ পথে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। এভাবে যুক্তরাষ্ট্রে পৌঁছাতে তাদের জনপ্রতি প্রায় ৪৫ থেকে ৫০ লাখ টাকা, কারও ক্ষেত্রে ৬০ থেকে ৭০ লাখ টাকা পর্যন্ত খরচ হয়েছে। যুক্তরাষ্ট্রে প্রবেশের পর তারা রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেন। দীর্ঘ আইনি প্রক্রিয়া শেষে আবেদন প্রত্যাখ্যাত হওয়ায় ট্রাম্প প্রশাসন তাদের প্রত্যাবাসনের সিদ্ধান্ত নেয়।

ফেরত যাওয়াদের একজন নোয়াখালী জেলার সাইফুল ইসলাম জানান, তিনি ২০২৪ সালে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ছাড়পত্র নিয়ে ব্রাজিল যান। সেখান থেকে তিনি দালালের মাধ্যমে বিভিন্ন দেশ পাড়ি দিয়ে মেক্সিকো হয়ে আমেরিকা প্রবেশ করতে গিয়ে গ্রেপ্তার হন।

আরেকজন ফেরত যাওয়া দিয়াদ চৌধুরী জানান, তিনি ২২ লাখ টাকা খরচ করে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ছাড়পত্র নিয়ে ২০২৪ সালের শেষের দিকে ব্রাজিল যায়। সেখান থেকে ম্যাক্সিকো হয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। ১ বছর জেলে থেকে আজ তিনিও ফিরেছেন।

মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার আব্দুল সবুর জানান, তিনি ৬৪ লাখ টাকা ব্যয়ে ২০২৩ সালের ২৮ অক্টোবর ভিজিট ভিসায় ব্রাজিল যান। সেখান থেকে একাধিক দেশ হয়ে ২০২৪ সালের ১১ ডিসেম্বর যুক্তরাষ্ট্রে পৌঁছান। আশ্রয় আবেদন প্রত্যাখ্যাত হলে তাকে দেশে ফেরত পাঠানো হয়।

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ছাড়পত্র নিয়ে ২০২৫ সালের শুরু থেকে এখন পর্যন্ত মোট ১,৪১০ জন বাংলাদেশি ব্রাজিলে গেছেন, যার মধ্যে নোয়াখালীর ৯৯০ জন। ধারণা করা হচ্ছে, তাদের একটি বড় অংশ মেক্সিকো হয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশের চেষ্টা করেছেন।

ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হওয়ার পর অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে অভিযান জোরদার হয়েছে। এর ধারাবাহিকতায় বাংলাদেশিসহ বিভিন্ন দেশের নাগরিকদের একাধিক দফায় ফেরত পাঠানো হচ্ছে।

এর আগে গত বছরের ৮ ডিসেম্বর ৩১ জন, ২৮ নভেম্বর চার্টার্ড ফ্লাইটে ৩৯ জন এবং ৮ জুন চার্টার্ড ফ্লাইটে ৪২ জন বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনা হয়। এছাড়া চলতি বছরের ৬ মার্চ থেকে ২১ এপ্রিল পর্যন্ত একাধিক ফ্লাইটে অন্তত ৩৪ জন বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছিল।

ট্রাম্পের যুদ্ধক্ষমতা সীমিতের দাবি ডেমোক্র্যাটদের

প্রথম পৃষ্ঠার পর

ট্রাম্পের সামরিক পদক্ষেপ নেওয়ার ক্ষমতা সীমিত করতে কংগ্রেসে নতুন করে আইন পাসের দাবি তুলছেন ডেমোক্র্যটরা ।

সিনেটর টিম কেইন, যিনি একটি 'ওয়ার পাওয়ারস রেজোলিউশন' উত্থাপন করে এই হামলাকে 'বড় ধরনের ভুল' বলে অভিহিত করেন। তিনি অবিলম্বে সিনেট অধিবেশন ডেকে কংগ্রেসের অনুমোদন ছাড়া ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান বন্ধে ভোট নেওয়ার আহ্বান জানান।

হাউসের সংখ্যালঘু নেতা হাকিম জেফরিজও একই দাবি তুলে ধরেন। তিনি অভিযোগ করেন, ট্রাম্প কংগ্রেসের অনুমতি না নিয়ে কূটনৈতিক পথ পরিহার করে সামরিক হামলার সিদ্ধান্ত নিয়েছেন। এতে মধ্যপ্রাচ্যে অবস'ানরত ইউএস সেনারা ইরানের পাল্টা হামলার ঝুঁকিতে পড়তে পারেন বলেও তিনি সতর্ক করেন। প্রশাসনকে অবিলম্বে কংগ্রেস ও জনগণের কাছে ব্যাখ্যা দেওয়ার দাবি জানান তিনি।

সিনেটের সংখ্যালঘু নেতা চাক শুমারও সকল সিনেটরের জন্য দ্রুত একটি গোপন ব্রিফিংয়ের দাবি জানিয়েছেন। ইরান থেকে কী ধরনের তাৎক্ষণিক হুমকি ছিল, সে বিষয়ে পর্যাপ্ত তথ্য না দেওয়ার জন্য তিনি প্রশাসনের সমালোচনা করেন।

সিনেট ইন্টেলিজেন্স কমিটির ভাইস চেয়ারম্যান মার্ক ওয়ার্নার বলেন, এই হামলা যুক্তরাষ্ট্রকে আবারও মধ্যপ্রাচ্যে দীর্ঘমেয়াদি সংঘাতে জড়িয়ে ফেলতে পারে। তিনি হামলার পেছনের গোয়েন্দা তথ্য ও জরুরিতার প্রশ্ন তোলেন এবং ইরাক যুদ্ধের মতো অতীতের ভুল পুনরাবৃত্তি না করার সতর্কবার্তা দেন।

প্রেসিডেন্টের যুদ্ধক্ষমতা সীমিত করার এই উদ্যোগ সিনেটে দ্বিদলীয় সমর্থন পেতে শুরু করেছে, যদিও সেখানে রিপাবলিকানদের সামান্য সংখ্যাগরিষ্ঠতা রয়েছে।

অভিবাসী 'তৃতীয় দেশ' বহিষ্কার অবৈধ!

প্রথম পৃষ্ঠার পর

সিকিউরিটির (ডিএইচএস) এই নীতি ফেডারেল অভিবাসন আইন এবং সংবিধানে সুরক্ষিত 'ডিউ প্রসেস' বা ন্যায্য আইনি প্রক্রিয়ার অধিকারের পরিপন্থী। গত বছর একদল অ-নাগরিক ডিএইচএসের বিরুদ্ধে ক্লাস-অ্যাকশন মামলা দায়ের করলে এ বিরোধের সূচনা হয়। সেই মামলায় বাদীপক্ষের পক্ষে রায় দিয়ে বিচারক মারফি প্রশাসনের 'তৃতীয় দেশ' বহিষ্কার নীতি বাতিলের নির্দেশ দেন। তবে আপিলের সুযোগ দিতে তিনি রায় কার্যকর হওয়া ১৫ দিনের জন্য স্থগিত রেখেছেন।

গত মার্চে জারি এবং জুলাইয়ে পুনর্ব্যক্ত করা ওই নীতির অধীনে, যুক্তরাষ্ট্র সরকার যদি কোনো তৃতীয় দেশ থেকে আশ্বাস পেত যে বহিষ্কৃত ব্যক্তি সেখানে নির্যাতন বা নিপীড়নের শিকার হবেন না, তাহলে অভিবাসন কর্মকর্তাদের আর নোটিশ বা আপত্তির সুযোগ দেওয়ার প্রয়োজন হতো না। নীতিতে বলা হয়, সংশ্লিষ্ট ব্যক্তি নিজে থেকে ভয়ের কথা স্পষ্টভাবে না জানালে কর্মকর্তারা তাকে জিজ্ঞাসাও করবেন না যে তিনি ওই দেশে যেতে আশঙ্কা করছেন কি না। সরকার যদি নির্ধারণ করত যে বহিষ্কারের দেশে পাঠালে ব্যক্তি সম্ভবত নির্যাতন বা নিপীড়নের শিকার হবেন, তখন বিকল্প দেশ নির্ধারণ বা মামলাটি ইমিগ্রেশন কোর্টে পাঠানোর সুযোগ রাখা হয়েছিল।

প্রেসিডেন্ট ট্রাম্পের ব্যাপক বহিষ্কার অভিযানের অংশ হিসেবে তাঁর প্রশাসন কোস্টা রিকা, পানামা ও রুয়ান্ডা-সহ বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগ করে, যাতে তারা নিজ দেশের নাগরিক নন– এমন অভিবাসীদের গ্রহণ করে। পাশাপাশি এল সালভাদর সরকারের সঙ্গে একটি ব্যবস্থার আওতায় ভেনেজুয়েলার অভিবাসীদের দেশটির কুখ্যাত মেগা-কারাগার CECOT-এ আটকে রাখার পরিকল্পনাও নেওয়া হয়।

রায়ে বিচারক মারফি, যিনি জো বাইডেন কর্তৃক নিয়োগপ্রাপ্ত, উল্লেখ করেন– এই নীতি কংগ্রেস নির্ধারিত সুরক্ষার বিকল্প হতে পারে না। তথাকথিত "আশ্বাস" সম্পর্কে স্বচ্ছতা নেই এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের মৌলিক প্রশ্ন তোলার সুযোগ দেওয়া হয় না। তিনি বলেন, সংবিধান অনুযায়ী কোনো ব্যক্তিকে জীবন, স্বাধীনতা বা সম্পত্তি থেকে বঞ্চিত করার আগে যথাযথ আইনি প্রক্রিয়া নিশ্চিত করতে হবে।

মামলার এক বাদী, গুয়াতেমালার নাগরিক ও.সি.জি.-কে তার নিজ দেশ গুয়াতেমালা-এ ফেরত না পাঠানোর আইনি সুরক্ষা দেওয়া হয়েছিল। কিন্তু আদালতের নথি অনুযায়ী, তাকে প্রথমে মেক্সিকো পাঠানো হয় এবং পরে দ্রুত গুয়াতেমালায় ফেরত পাঠানো হয়। বিচারকের অভিযোগ, প্রশাসন এ বিষয়ে আদালতকে ভ্রান্ত তথ্য দিয়েছে এবং আগের আদেশ বারবার লঙ্ঘন করেছে বা লঙ্ঘনের চেষ্টা করেছে।

এর আগে যুদ্ধবিধ্বস্ত দক্ষিণ সুদান-এ কয়েকজন অভিবাসীকে স্বল্প নোটিশে পাঠানোর চেষ্টা নিয়েও বিতর্ক সৃষ্টি হয়। পরে তাদের জিবুতি-তে একটি মার্কিন নৌঘাঁটিতে রাখা হয়। প্রশাসন বিচারকের আদেশ স্থগিত করতে বিষয়টি সুপ্রিম কোর্ট পর্যন্ত নিয়ে গেলে গত জুনে সর্বোচ্চ আদালত নিম্ন আদালতে মামলা চলাকালীন তৃতীয় দেশে বহিষ্কার কার্যক্রম চালিয়ে যাওয়ার অনুমতি দেয়। পরবর্তীতে জিবুতিতে আটক ব্যক্তিদের দক্ষিণ সুদানে পাঠানোর পথও সুগম হয়।

সর্বশেষ রায়ে বিচারক মারফি স্পষ্ট করে দিয়েছেন, যুক্তরাষ্ট্রে অবস্থানরত কোনো ব্যক্তি– নাগরিক হোক বা অ-নাগরিক আইনি প্রক্রিয়া ছাড়া তার মৌলিক অধিকার থেকে বঞ্চিত হতে পারেন না।

হাজার হাজার ফ্লাইট বাতিল: বিপাকে লাখো যাত্রী

প্রথম পৃষ্ঠার পর

একসঙ্গে অচল হয়ে পড়ায় বিমান চলাচল নজিরবিহীন পরিস্থিতিতে পড়েছে বলে বিশ্লেষকদের মত।

বিমান চলাচল বিশ্লেষক প্রতিষ্ঠান এর তথ্য অনুযায়ী, শনিবার সংঘাত শুরুর পর থেকে প্রায় ৩ হাজার ফ্লাইট বাতিল হয়েছে। রবিবার প্রায় ৪,০০০ ফ্লাইট এই অঞ্চলে অবতরণের কথা ছিল। শুধু রবিবারই ২ হাজার ৪০০ এর বেশি ফ্লাইট বাতিল বলে জানিয়েছে ফ্লাইট পর্যবেক্ষণ সংস্থা ফ্লাইট অ্যাওয়ার।

মধ্যপ্রাচ্যের প্রধান আকাশপথ বন্ধ থাকায় দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর, তেলআবিব এবং কাতারের দোহাগামী ও সেখান থেকে ছেড়ে যাওয়া ফ্লাইট স্থগিত রয়েছে। হামলার পরপরই ৪০টির বেশি উড়োজাহাজকে মাঝপথে গন্তব্য পরিবর্তন করতে হয়। দুবাই ও দোহা পূর্বপশ্চিমের অন্যতম প্রধান সংযোগকেন্দ্র হওয়ায় এর প্রভাব ছড়িয়ে পড়েছে ইউরোপ ও এশিয়াজুড়ে।

বার্তা সংস্থা রয়টার্স জানায় সংযুক্ত আরব আমিরাতের দুবাই ও আবুধাবি এবং কাতারের দোহা এই গুরুত্বপূর্ণ ট্রানজিট বিমানবন্দরগুলো সম্পূর্ণ বা আংশিকভাবে বন্ধ রয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি নিহত হওয়ার পর অঞ্চলজুড়ে আকাশসীমা বন্ধ করে দেওয়া হয়।

ইসরায়েল জানিয়েছে, তারা রোববার ইরানে নতুন করে হামলা চালিয়েছে। একই সময়ে দুবাই ও দোহার আকাশে বিস্ফোরণের শব্দ শোনা গেছে, যা ইরানের পাল্টা বিমান হামলার ফল বলে ধারণা করা হচ্ছে। ইরানের হামলায় দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর ক্ষতিগ্রস্ত হয়েছে; আবুধাবি ও কুয়েতের বিমানবন্দরেও আঘাত হেনেছে।

ফ্লাইট পর্যবেক্ষণ প্ল্যাটফর্ম ফ্লাইটঅ্যাওয়্যার-এর তথ্য অনুযায়ী, মধ্যপ্রাচ্যজুড়ে হাজার হাজার ফ্লাইট বাতিল বা বিলম্বিত হয়েছে। বিশ্বের বৃহত্তম আন্তর্জাতিক বিমান সংস্থা এমিরেটস জানিয়েছে, তাদের দুবাই হাব থেকে এবং সেখানে যাওয়া-আসা করা সব ফ্লাইট সোমবার পর্যন্ত স্থগিত থাকবে।

কাতার এয়ারওয়েজও সব কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রেখেছে এবং সোমবার পরিস্থিতি সম্পর্কে নতুন ঘোষণা দেবে। জার্মানির লুফথানসা মধ্যপ্রাচ্যে ফ্লাইট স্থগিতের মেয়াদ ৮ মার্চ পর্যন্ত বাড়িয়েছে।

ফ্লাইটরাডার ২৪-এর মানচিত্রে দেখা গেছে, ইরান, ইরাক, কুয়েত, ইসরায়েল, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত ও কাতারের আকাশসীমা কার্যত ফাঁকা। নতুন এক পাইলট নোটিশ অনুযায়ী, ইরানের আকাশসীমা অন্তত ৩ মার্চ সকাল ৮টা ৩০ মিনিট (জিএমটি) পর্যন্ত বন্ধ থাকবে। তবে আঞ্চলিক বিমান সংস্থাগুলো বলছে, এই অস্থিরতা কতদিন চলবে তা নিয়ে অনিশ্চয়তা রয়েছে।

উপসাগরীয় অঞ্চল আন্তর্জাতিক আকাশপথে পণ্য পরিবহনেরও একটি প্রধান কেন্দ্র। ফলে সামুদ্রিক বাণিজ্যে আগেই যে চাপ ছিল, তার সঙ্গে যুক্ত হয়েছে আকাশপথের এই অচলাবস্থা।

বিমান সংস্থাগুলোর নির্বাহীরা জানিয়েছেন, অনেক ক্রু ও পাইলট এখন বিশ্বের বিভিন্ন স্থানে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছেন। আকাশসীমা খুলে গেলে স্বাভাবিক ফ্লাইট সূচি পুনরায় চালু করা তাই আরও জটিল হয়ে উঠবে।

এদিকে ব্রেন্ট ক্রুডের দাম রোববার ১০ শতাংশ বেড়ে ব্যারেল প্রতি ৮০ ইউএস ডলারে পৌঁছেছে। বিশ্লেষকদের আশঙ্কা, তা ১০০ ডলার পর্যন্ত উঠতে পারে। এতে বিমান সংস্থাগুলোর জ্বালানি ব্যয় আরও বাড়বে।

জার্মানির ফ্রাঙ্কফুর্ট বিমানবন্দরে অস্ট্রেলিয়াগামী যাত্রী লারা হেনসেলার বলেন, দুবাইগামী তার ফ্লাইট বাতিল হয়েছে এবং নতুন করে বুকিং করতে গিয়ে সমস্যায় পড়েছেন। "হটলাইন সম্পূর্ণ ব্যস্ত। কারও সঙ্গে যোগাযোগ করা যাচ্ছে না," বলেন তিনি।

ইন্দোনেশিয়ার বালিতে আই গুস্তি নুরাহ রাই আন্তর্জাতিক বিমানবন্দরে দীর্ঘ লাইন দেখা গেছে। বাংলাদেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং নেপালের ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরেও বহু ফ্লাইট বাতিল হয়েছে।

দুবাই ও দোহা ইউরোপ-এশিয়া রুটের সংযোগস্থল হিসেবে কাজ করে, যেখানে ঘন সময়সূচিভিত্তিক ট্রানজিট ফ্লাইট পরিচালিত হয়। এই হাবগুলো বন্ধ থাকায় বিমান ও ক্রুরা বিভিন্ন স্থানে আটকে পড়েছে, যা বিশ্বব্যাপী ফ্লাইট সূচিতে বড় ধরনের ব্যাঘাত ঘটাচ্ছে।

ইউরোপ, এশিয়া ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন বিমান সংস্থা আকাশসীমা এড়াতে ফ্লাইট বাতিল বা বিকল্প রুট ব্যবহার করছে। এতে যাত্রা সময় বেড়ে যাচ্ছে এবং জ্বালানি খরচও বাড়ছে।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পর থেকে ইরান ও ইরাকের আকাশপথের গুরুত্ব বেড়েছিল, কারণ অনেক সংস্থা রাশিয়া ও ইউক্রেনের আকাশসীমা এড়িয়ে চলছিল। এখন সেই রুটও বন্ধ হয়ে যাওয়ায় চাপ আরও বেড়েছে।

এদিকে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে উত্তেজনা পরিস্থিতিকে আরও জটিল করে তুলতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ফ্লাইটরাডার২৪-এর যোগাযোগ পরিচালক ইয়ান পেচেনিক বলেন, "দীর্ঘস্থায়ী বিঘ্নই এখন সবচেয়ে বড় উদ্বেগ। পাকিস্তান-আফগানিস্তান সংঘাত যদি আকাশসীমা বন্ধের দিকে যায়, তবে ইউরোপ-এশিয়া ভ্রমণে তার মারাত্মক প্রভাব পড়বে।"

পরিস্থিতির গুরুত্ব বোঝাতে ভারতের জাতীয় বিমান সংস্থা এয়ার ইন্ডিয়া রোববার দিল্লি, মুম্বাই ও অমৃতসর থেকে ইউরোপ ও উত্তর আমেরিকার প্রধান শহরগুলোর উদ্দেশে সব ফ্লাইট বাতিল করেছে।

সর্বশেষ পাওয়া তথ্যমতে যে সকল বিমান সংস্থা তাদের ফ্লাইট বন্ধ ও রুট বাতিল রেখেছে সেগুলো হলো: এজিয়ান এয়ারলাইনস তেলআবিব, বৈরুত ও এরবিল রুট ২ মার্চ পর্যন্ত স্থগিত করেছে। এয়ার আস্তানা ৩ মার্চ পর্যন্ত মধ্যপ্রাচ্যগামী সব ফ্লাইট বাতিল করেছে। এয়ার কানাডা ৮ মার্চ পর্যন্ত ইসরায়েল এবং ৩ মার্চ পর্যন্ত দুবাই রুট বন্ধ রেখেছে।

এয়ার ইউরোপা তেলআবিবগামী ফ্লাইট বাতিল করেছে। এয়ার ফ্রান্স তেলআবিব ও বৈরুত রুট বাতিল করেছে। তাদের সহযোগী কেএলএম দুবাই, দাম্মাম ও রিয়াদ রুট স্থগিত করেছে। এয়ার ইন্ডিয়া সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, ইসরায়েল ও কাতারগামী ফ্লাইট স্থগিত করেছে।

আজারবাইজান এয়ারলাইনস দুবাই, দোহা, জেদ্দা ও তেলআবিব রুট বন্ধ রেখেছে। ব্রিটিশ এয়ারওয়েজ তেলআবিব ও বাহরাইন রুট বাতিল করেছে। ক্যাথে প্যাসিফিক দুবাই ও রিয়াদ রুট স্থগিত করেছে। এল আল সোমবার পর্যন্ত সব ফ্লাইট বাতিল করেছে। এমিরেটস দুবাই থেকে ও দুবাইগামী সব ফ্লাইট সাময়িকভাবে বন্ধ করেছে। ইতিহাদ এয়ারওয়েজ আবুধাবি থেকে ছেড়ে যাওয়া ফ্লাইট স্থগিত করেছে। ফ্লাইদুবাই দুবাই রুট সাময়িকভাবে বন্ধ রেখেছে। বিমান বাংলাদেশ মধ্যপ্রাচ্য সহ এ আকাশপথ চলচলকারী সকল ফ্লাইট বন্ধ রেখেছে। ইন্ডিগো মধ্যপ্রাচ্যের আকাশসীমা ব্যবহারকারী আন্তর্জাতিক ফ্লাইট স্থগিত করেছে। আইটিএ এয়ারওয়েজ তেলআবিব ও দুবাই রুট বন্ধ করেছে। জাপান এয়ারলাইনস টোকিও দোহা ফ্লাইট বাতিল করেছে। লুফথানসা তেলআবিব, বৈরুত ও তেহরানসহ একাধিক রুট স্থগিত করেছে। কাতার এয়ারওয়েজ কাতারের আকাশসীমা বন্ধ থাকায় ফ্লাইট স্থগিত রেখেছে। তার্কিশ এয়ারলাইনস কাতার, কুয়েত, বাহরাইনসহ একাধিক রুট বাতিল করেছে। ভার্জিন আটলান্টিক ইরাকের আকাশসীমা এড়িয়ে চলার ঘোষণা দিয়েছে এবং দুবাই রুট বাতিল করেছে। উইজ এয়ার ইসরায়েল, দুবাই ও আবুধাবি রুট ৭ মার্চ পর্যন্ত বন্ধ ঘোষণা করেছে।

পরিস্থিতি পরিবর্তনশীল হওয়ায় বিমান সংস্থাগুলো নিয়মিত সূচি হালনাগাদ করছে। যাত্রীদের যাত্রার আগে নিজ নিজ ফ্লাইটের অবস্থা যাচাই করার পরামর্শ দেওয়া হয়েছে।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN 486 MCDONALD AVE BROOKLYN, NY 11218 PH: (718) 247-7226 Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA 87-12 167TH ST JAMAICA, NY 11432 PH: (718) 558-0280 Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician

আমাদের সেবাসমুহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ইফতার





শেষ পৃষ্ঠায় পর

কংগ্রেস সদস্য গ্রেস মেং সহ সিটি মেয়র, কুইন্স বরো প্রেসিডেন্ট ও কুইন্স ডিষ্ট্রিক্ট অফিসের প্রতিনিধি, বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সিনিয়র সাংবাদিক সহ কমিউনিটির উল্লেখ্যোগ্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সিটির ফ্রেসমেডোর সিরাজী কাবাব হাউজে গত ২৭ ফেব্রুয়ারী শুক্রবার সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানে সাড়ে তিন শতাধিক অতিথি উপস্থিত ছিলেন বলে আয়োজকরা জানান।

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ব্যতিক্রমী এই আয়োজনে অতিথিদের স্বাগত জানান সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি এবং জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর সেক্রেটারী ফখরুল ইসলাম দেলোয়ার ও ফ্রেন্ডস সোসাইটির সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী সহ অনুষ্ঠান আয়োজক কমিটি ও কার্যকরী কমিটির কর্মকর্তারা।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানের প্রথমে পবিত্র রমজানের উপর আলোচনা করা হয়। এরপর বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের খতিব ও ইমাম মাওলানা মির্জা আবু জাফর বেগ। ইফতার গ্রহনের আগে ও পরে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী, শাহ নেওয়াজ গ্রুপের কর্ণধার লায়ন শাহ নেওয়াজ, জেএমসি পরিচালনা কমিটির সভাপতি ডা. নাজমুল এইচ খান, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, কুইন্স বরো প্রেসিডেন্ট-এর প্রতিনিধি ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদেক ও কুইন্স ডিষ্ট্রিক্ট অফিসের প্রতিনিধি রোকেয়া, ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, উপদেষ্টা অধ্যাপক শাহাদৎ হোসেন, সিনিয়র সহ সভাপতি এএফএম মিসবাহউজ্জামান, সাবেক সভাপতি বিলাল চৌধুরী প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন 'অ্যানুয়াল কমিউনিটি ইফতার' কমিটির কনভেনার মোহাম্মদ শহীদুল্লাহ ও ফ্রেন্ডস সোসাইটির সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী।

ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ারের ধন্যবাদ সূচক বক্তব্য এবং কৃতজ্ঞতা জানানোর মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।







ইরান হামলা: বিশ্বজুড়ে বিমান চলাচলে বড় সংকট

২-এর পৃষ্ঠায় পর

নির্ধারিত কয়েকটি বাণিজ্যিক ফ্লাইট বাতিল, বিলম্ব অথবা পুনর্নির্ধারণ করা হয়েছে বলে সিভিল অ্যাভিয়েশনের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

এ পরিস্থিতিতে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট এয়ারলাইনসগুলোকে কিছু নির্দেশনা দিয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, ফ্লাইট বাতিল বা বিলম্ব-সংক্রান্ত তথ্য যাত্রীদের এসএমএস, ই-মেইল ও কল সেন্টারের মাধ্যমে অগ্রিমভাবে জানাতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট এয়ারলাইনসের স্টাফদের বিমানবন্দরে উপস্থিত থেকে যাত্রীদের প্রয়োজনীয় তথ্য ও দিকনির্দেশনা নিশ্চিত করতে হবে। ভোগান্তি এড়াতে পুনর্নির্ধারিত ফ্লাইটের বিষয়ে স্পষ্ট ও সমন্বিত তথ্য দেওয়ার কথাও বলা হয়েছে।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, উল্লিখিত রুটে ভ্রমণের পরিকল্পনায় থাকা যাত্রীদের নিজ নিজ এয়ারলাইনস অফিস বা ট্রাভেল এজেন্সির সঙ্গে জরুরি ভিত্তিতে যোগাযোগ করে ফ্লাইটের বর্তমান অবস্থা যাচাই ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে বলেও জানানো হয়েছে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত যাত্রী নিরাপত্তা ও অপারেশনাল স্বাভাবিকতা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবার সমন্বিত সহযোগিতা কামনা করেছে কর্তৃপক্ষ। এদিকে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে মধ্যপ্রাচ্যগামী ও আগমনী ছয়টি ফ্লাইট বাতিল করা হয়েছে।

যাত্রীদের চরম ভোগান্তি : ঢাকা, ইস্তাম্বুল, দোহা ও দুবাইয়ের মতো বড় হাবগুলোতে দীর্ঘ সময় অপেক্ষা করতে দেখা গেছে যাত্রীদের। নির্ধারিত সময়ের কোনো নিশ্চয়তা না থাকায় অনেকে হোটেল খরচ, খাবার ও নতুন টিকিট নিয়ে বিপাকে পড়েছেন।

মধ্যপ্রাচ্যের আকাশপথে হঠাৎ অচলাবস্থা শুধু আন্তর্জাতিক বিমান চলাচল নয়, সবচেয়ে বড় ধাক্কা দিয়েছে ওমরাহ যাত্রীদের। ইরান-ইসরায়েল সংঘাতের জেরে মধ্যপ্রাচ্যে ফ্লাইট স্থগিত হওয়ায় বাংলাদেশসহ বিভিন্ন দেশের হাজারো ধর্মপ্রাণ মুসল্লি পড়েছেন চরম অনিশ্চয়তায়।

মক্কায় হজ টার্মিনাল থেকে সাতক্ষীরার বাসিন্দা তরিকুল ইসলাম জানান, ওমরা শেষে ইন্ডিগো এয়ারলাইনসে তার ঢাকা ফেরার কথা ছিল। কিন্তু বিমান চলাচল বন্ধ হওয়ায় চরম বিপাকে পড়েছেন তিনি।

ঢাকার মিরপুরের বাসিন্দা আব্দুল্লাহ আল শাহীন ও মোস্তাফিজুর রহমান জানান, ওমরা পালন শেষে তারা এমিরেটস এয়ারলাইনসের একটি ফ্লাইটে দুবাইয়ের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিলেন। কিন্তু মাঝপথে বিমানটি আবার জেদ্দায় ফিরে এসেছে।

বিমান যাত্রীরা জানান, তারা হোটেল ছেড়ে দিয়েছেন। এখন নতুন করে হোটেল পাওয়াও মুশকিল। তাছাড়া এতে খরচও বাড়বে অনেক।

প্রবাসী শ্রমিকদের দুর্ভোগ : বাংলাদেশি প্রবাসী কর্মীদের ওপর এর প্রভাব সবচেয়ে বেশি। অনেকেই ছুটি শেষে কর্মস্থলে ফিরতে পারছেন না। আবার নতুন ভিসা নিয়ে যারা যাওয়ার প্রস্তুতি নিয়েছিলেন, তাদের যাত্রাও অনিশ্চিত হয়ে পড়েছে। ওমরাহ যাত্রীদের একটি বড় অংশের সফর স্থগিত হয়েছে।

ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গতকাল বিভিন্ন গন্তব্যে যাওয়া যাত্রীদের ভিড় দেখা যায়। ফ্লাইট বন্ধের খবর শুনে উদ্বিগ্ন হয়ে পড়েন যাত্রীরা। কেউ কেউ কান্নায় ভেঙে পড়েন।

চুয়াডাঙ্গার আরিফুল ইসলাম নামের এক প্রবাসী শ্রমিক জানান, সোমবার তার কর্মস্থলে যোগদানের কথা। এখন সময়মতো পৌঁছাতে পারবেন কি-না তা নিয়ে চরম অনিশ্চয়তা তৈরি হয়েছে। কাজের সন্ধানে প্রথমবার বিদেশ যাচ্ছেন যশোরের জুয়েল রানা। তিনি জানান, অনেক আশা নিয়ে বিমানবন্দরে এসে দেখি ফ্লাইট বন্ধ। কখন চালু হবে জানি না। শেষ পর্যন্ত বিদেশে যাওয়া হবে কি-না তা নিয়েও চরম অনিশ্চয়তায় উদ্বিগ্ন তিনি।

ট্রানজিট যাত্রীদের করুণ অবস্থা : যারা ইতিমধ্যে পথে ছিলেন তাদের অবস্থা আরও ভয়াবহ। কেউ দোহায় আটকে, কেউ ইস্তাম্বুলে, কেউ দুবাইয়ে। ট্রানজিট ভিসা না থাকায় বিমানবন্দরেই থাকতে হচ্ছে। বহু কানেক্টিং ফ্লাইট বাতিল হওয়ায় ঘণ্টার পর ঘণ্টা বিমানবন্দরেই অপেক্ষা করতে হচ্ছে যাত্রীদের। এর ফলে থাকা-খাওয়া নিয়ে চরম দুর্ভোগে পড়েছেন তারা। সৌদি আরবে আটকা পড়েছেন বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের অভিজ্ঞ উইকেটকিপার-ব্যাটসম্যান মুশফিকুর রহিম। ওমরা পালন শেষে দুবাই হয়ে দেশে ফেরার পথে তিনি এখন জেদ্দা বিমানবন্দরে অবস্থান করছেন।

অল্পের জন্য ভোগান্তি থেকে রক্ষা পেয়েছেন অনেক যাত্রী। এমন একজন সাংবাদিক ও কূটনীতিক আকবর হোসেন। নিজেকে ভীষণ ভাগ্যবান হিসেবে আখ্যায়িত করে তিনি তার ফেসবুকে লিখেছেন, 'এক ঘণ্টা দেরি হলেই দুবাইতে আটকে পড়তাম। মধ্যপ্রাচ্যে যুদ্ধের দামামায় সংযুক্ত আরব আমিরাত ও কাতারসহ কয়েকটি দেশ তাদের আকাশসীমা বন্ধ করে দিয়েছে। আমি এমিরেটসের যে ফ্লাইটে ছিলাম সেটি দুবাই ছেড়ে আসার কিছুক্ষণ পরেই এ ঘটনা। এদিকে ঢাকা এয়ারপোর্টে মধ্যপ্রাচ্যগামী শতশত মানুষ আটকা পড়েছেন। মানুষগুলো কী করবেন সেটাও বুঝতে পারছেন না। যুদ্ধের দামামা যে বেজেছে সেটি তারা জানেন না। জানলেও কিছু করার নেই।'

বড় এয়ারলাইনগুলোর ফ্লাইট স্থগিত: নিরাপত্তা ঝুঁকির কারণে বিশ্বের শীর্ষ এয়ারলাইনগুলো একের পর এক মধ্যপ্রাচ্যের রুটে ফ্লাইট স্থগিত করেছে। এর মধ্যে রয়েছে ব্রিটিশ এয়ারওয়েজ, লুফথানসা, এয়ার ফ্রান্স ও আইবেরিয়া। মধ্যপ্রাচ্যভিত্তিক বড় এয়ারলাইন এমিরেটস ও কাতার এয়ারওয়েজও সাময়িকভাবে তাদের বেশ কয়েকটি গন্তব্যে ফ্লাইট বন্ধ রেখেছে। এরমধ্যে ব্রিটিশ এয়ারওয়েজ আগামী ৩ মার্চ পর্যন্ত তেলআবিব ও বাহরাইন রুট বন্ধ করেছে। আগামী ৭ মার্চ পর্যন্ত একাধিক রুট স্থগিত করেছে লুফথানসা।

একই সঙ্গে টার্কিশ এয়ারলাইনস একাধিক মধ্যপ্রাচ্যগামী ফ্লাইট বাতিল করেছে। রাশিয়ার সব এয়ারলাইনসও ইরান এবং ইসরায়েল রুটে ফ্লাইট স্থগিত ঘোষণা করেছে। ইন্ডিগো ও এয়ার ইন্ডিয়া তাদের মধ্যপ্রাচ্যের ফ্লাইট স্থগিত করেছে।

দীর্ঘ পথ ঘুরে ফ্লাইট পরিচালনা : মধ্যপ্রাচ্যের আকাশপথ বন্ধ থাকায় ইউরোপ-এশিয়া ফ্লাইটগুলোকে দীর্ঘ পথ ঘুরে চলতে হচ্ছে। এতে ফ্লাইট সময় কয়েক ঘণ্টা পর্যন্ত বেড়ে যাচ্ছে। অ্যাভিয়েশন বিশ্লেষকদের মতে, এতে জ্বালানি খরচ বাড়বে এবং ভবিষ্যতে টিকিটের দামও বাড়তে পারে।

ইউক্রেন যুদ্ধের পর আন্তর্জাতিক বিমান চলাচল যেসব বিকল্প করিডরের ওপর নির্ভর করছিল, মধ্যপ্রাচ্যের এই সংকট সেই পথও সংকুচিত করে দিয়েছে। ফলে বৈশ্বিক অ্যাভিয়েশন নেটওয়ার্কে নতুন করে চাপ তৈরি হয়েছে। পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হওয়ার কোনো ইঙ্গিত এখনো পাওয়া যায়নি। আকাশসীমা কবে খুলবে, ফ্লাইট কবে স্বাভাবিক হবে এ নিয়ে স্পষ্ট ঘোষণা নেই। নিরাপত্তা পরিস্থিতির ওপরই সবকিছু নির্ভর করছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

বাংলাদেশও ভুক্তভোগী : ইরানের ওপর গত শনিবার যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা ইরানের পাল্টা হামলার ফলে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ নিজ নিজ আকাশসীমা বন্ধ করে দিয়েছে। দুবাইসহ কয়েকটি স্থানে বিমানবন্দর বন্ধ রয়েছে। বাংলাদেশ, তুরস্কসহ বিভিন্ন স্থান থেকে মধ্যপ্রাচ্যমুখী অধিকাংশ ফ্লাইট আকস্মিকভাবে বাতিল করায় অনেক বিমানবন্দরে হাজার হাজার মানুষ আটকা পড়েছে। এর মধ্যে বাংলাদেশের অনেক নাগরিক রয়েছেন।

ইরানের ওপর যখন হামলা হয়, তখন জাতীয় ক্রিকেটার মুশফিকুর রহিম অবস্থান করছিলেন দুবাইয়ে। ওমরাহ শেষে সৌদি আরবের জেদ্দা থেকে দুবাই হয়ে তার ঢাকা ফেরার কথা। ফেসবুকে এক পোস্টে তিনি জানান, যুদ্ধ পরিস্থিতিতে উড়োজাহাজ চলাচল বন্ধ হয়ে যাওয়ায় তাদের দুবাই থেকে আবার জেদ্দায় ফেরত নেওয়া হয়েছে।

একইভাবে বিভিন্ন দেশ থেকে ফ্লাইট বাতিল হওয়ায় বাংলাদেশের অনেক নাগরিক ভোগান্তিতে পড়ার কথা জানা গেছে। একইভাবে ঢাকা থেকে মধ্যপ্রাচ্যের বিভিন্ন গন্তব্যেও ফ্লাইট বাতিল হওয়ায় হাজার হাজার যাত্রী হঠাৎ করে বিপাকে পড়ে। আটকা পড়ে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে। নিজ নিজ ফ্লাইটের আগাম তথ্য না নিয়ে সবাইকে বিমানবন্দরে যেতে নিষেধ করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

যেসব দেশ তাদের আকাশসীমা বন্ধ ঘোষণা করেছে, তার মধ্যে রয়েছে ইরান, ইরাক, জর্ডান, কাতার, বাহরাইন, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, সিরিয়া ও ইসরায়েল।

এদিকে মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতিতে প্রবাসীদের নিজ নিজ এলাকায় স্থানীয়ভাবে দেওয়া সরকারি নির্দেশনা মেনে চলতে অনুরোধ জানিয়েছে বিভিন্ন দেশের রাজধানীতে অবস্থিত বাংলাদেশের কয়েকটি দূতাবাস।

ঢাকায় সরকারি সূত্রের তথ্য অনুযায়ী, মধ্যপ্রাচ্যের দেশগুলোয় যুদ্ধের কারণে বাংলাদেশের নাগরিকদের হতাহত হওয়ার কোনো খবর গতকাল শনিবার সন্ধ্যা পর্যন্ত পাওয়া যায়নি।

দূতাবাসগুলো নিরাপত্তার স্বার্থে প্রবাসীদের নিজ নিজ বাসাসহ নিরাপদ স্থানে অবস্থান, সামরিক ঘাঁটির আশপাশে না যাওয়া, অতিপ্রয়োজনীয় কাগজপত্র সঙ্গে রাখা এবং সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকতে বলেছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্বেগ : ইরানসহ মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক বিরোধপূর্ণ পরিস্থিতি এবং উদ্ভূত উত্তেজনার প্রেক্ষাপটে ওই অঞ্চলে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিয়ে বাংলাদেশ সরকার গভীর উদ্বেগ প্রকাশ করেছে। আকাশপথ ও আকাশসীমা সাময়িকভাবে বন্ধ থাকায় কর্মসংস্থানের উদ্দেশ্যে মধ্যপ্রাচ্যে গমনরত বাংলাদেশি কর্মীদের যাতায়াত ব্যাহত হওয়ার প্রেক্ষিতে বাংলাদেশ সরকার ইতিমধ্যেই সংশ্লিষ্ট দেশসমূহের কাছে অনুরোধ জানিয়েছে, যাতে পরিস্থিতির উন্নতি ঘটলে মধ্যপ্রাচ্যে গমনেচ্ছু ও বর্তমানে আটকেপড়া বাংলাদেশি

রমযান ও আল্লাহর পথে দান



জাফর আহমাদ

বুখারী শরীফে ইবনে আব্বাস রা: থেকে বর্ণিত। তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বাপেক্ষা বেশী দানশীল ছিলেন। তাঁর দানের মাত্রা বহুগুণ বৃদ্ধি হতো রমযানে যখন জিবরাইল আমিনের সাথে তাঁর সাক্ষাৎ হতো। জিবরাঈল আ: রমযানের প্রতি রাতে তাঁর সাথে দেখা করে কুরআনের সবক দিতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কল্যাণ বন্টনে প্রবাহিত বাতাসের চেয়েও বেশী দানশীল তখন তাঁর দানের কোন সীমা-পরিসীমা থাকতো না।" (বুখারী:৩৫৫৪, আ. প্র: ৩২৯০, ই.ফা: ৩২৯৯, কিতাবুল মানাকিব, বাবু সিফাতিন নাবী) অন্য হাদীসে আবু হুরায়রা রা: থেকে বর্ণিত আছে, "প্রত্যেক নেক কাজের বিনিময় দশগুণ।"(বুখারী: ১৮৯৪) সুতরাং দানের জন্য এর চেয়ে উত্তম মৌসুম আর কোনটি হতে পারে? অর্থ্যাৎ এ মাসে যতবেশী মাল আল্লাহর পথে, আল্লাহর দীনের পথে, নিজেদের আত্মীয় স্বজনের জন্য, গরীব দুঃখী, এতিম ও অসহায় মানবতার জন্য খরচ করা করা হবে, অন্যান্য সময়ের চেয়ে ততবেশী বরং আরো কয়েকগুণ বাড়িয়ে দিয়ে তার দুনিয়া ও আখিরাতকে অত্যন্ত সমৃদ্ধশালী করা হবে। আল-কুরআন ঘোষণা করেছে যে, আল্লাহর পথে একটি পয়সা, একটি শস্য, একটি দানের বিনিময়ে কমপক্ষে সাতশত গুণ প্রতিদান দেয়া হবে। এরপর বলা হয়েছে যেহেতু একটি ফরয ৭০টি ফরযে বৃদ্ধি রমযানের বৈশিষ্ট্য তাই যাকাত আদায়ের উত্তম মৌসুম হলো রমযান। তাছাড়া এটিও মনে রাখা প্রয়োজন যে, রমযান সমাপ্তির পর পরই আসে মুসলমানদের সবচেয়ে বড় ও সবচেয়ে খুশির ঈদ। এই ঈদকে ধনী-গরিব সকল মুসলমানের ঘরে পৌঁছে দেয়ার যাকাত বিশেষ ভূমিকা রাখে। এ মাসে যাকাতের সম্পূর্ণ টাকা আদায় করার জন্য বিশেষ তাগিদও করা হয়েছে। কেননা রমযানে আদায়কৃত যাকাতের প্রতিদান বহুগুণ বেশী পাওয়া যায়। হযরত ইবনে আব্বাস রা: রমযানে অন্যান্য সময় অপেক্ষা অধিক দয়ালু ও সহানুভূতিশীল হতেন।

আল কুরআনে নামাযের পর সবচেয়ে গুরুত্বপূর্ণ রোকন বা স্তম্ভ হচ্ছে যাকাত। কুরআন মাজীদে নামাযের মতো প্রায় সমান সংখ্যক আয়াতে যাকাতের কথা উল্লেখ করা হয়েছে। সাধারণত আমরা নামাযের পরই রোযার কথা উল্লেখ করে থাকি। কিন্তু আল কুরআন থেকে জানা যায় যে, নামাযের পর যাকাতই হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। এমনকি বলা হয়েছে যে, কাফির ও মুশরিকগণ যদিও তওবা করে ও ঈমান আনে, তথাপি যতক্ষণ না নামায আদায় করে এবং যাকাত না দেয় ততক্ষণ পর্যন্ত তারা তোমাদের দ্বীনি ভাই হিসেবে গণ্য হবে না বরং তাদের বিরুদ্ধে যুদ্ধ অব্যাহত রাখতে হবে। অর্থ্যাৎ তাওবা এবং ঈমানকে বাস্তবে রূপদান করার জন্য অবশ্যই তাদেরকে নামায আদায় ও যাকাত প্রদান করতে হবে। আল্লাহ রাব্বুল আলামীন বলেন, "তারা যদি কুফর ও শিরক থেকে তাওবা করে খাঁটিভাবে ঈমান আনে এবং নামায কায়েম করে ও যাকাত আদায় করে তবে তারা তোমাদের দ্বীনি ভাই হিসেবে গণ্য হবে।" (সুরা তাওবা-১১)

এখানে একজন ব্যক্তিকে মুসলিম মিল্লাতের অন্তর্ভূক্তির জন্য ৪টি শর্ত মানতে হবে। **প্রথমতঃ** কুফর ও শিরক থেকে সম্পূর্ণভাবে খুলুছিয়াতের সহিত ফিরে আসতে হবে। **দ্বিতীয়তঃ** ট্রেডিশনাল ঈমান নয় বরং খাঁটিভাবে ঈমান আনতে হবে। **তৃতীয়তঃ** ঈমান গ্রহণের মাধ্যমে ইসলামের চৌহদ্দির মধ্যে প্রবেশের সাথে সাথে সালাতের যে ওয়াক্তটিই সামনে আসবে তা বাধ্যতামূলক আদায় ও কায়েমের ব্যবস্থা করতে হবে। **চতুর্থতঃ** মালের মালিক হলে বাধ্যতামূলক যাকাত আদায় করতে হবে ও যাকাত ভিত্তিক সমাজ ব্যবস্থা কায়েমের চেষ্টা অব্যাহত রাখতে হবে। মনে রাখতে হবে, যাকাত কোন অনুদানের নাম নয়। বরং ইসলামী রাষ্ট্রের রাজস্বের প্রধান উৎস। আল্লাহ রাব্বুল আলামীন সমাজের কিছু লোককে তার সাংবাৎসরিক প্রয়োজন পূরণ করা ছাড়াও অতিরিক্ত সম্পদ দান করেন এবং কিছু লোককে প্রয়োজনের চেয়ে কম দিয়ে থাকেন। ইসলামী রাষ্ট্র এ দুয়ের Reconciliation বা সমন্বয় সাধনের জন্য সুদৃঢ় ভ্রাতৃত্বের বন্ধন সৃষ্টির কোন বিকল্প নাই। ভ্রাতৃত্বের বন্ধন সৃষ্টির জন্য রমযানের রোযা এক কার্যকরী হাতিয়ার।

সিয়াম সাধনার মাধ্যমে আমরা আমাদের শানিত ও শক্তিশালী তিনটি হাতিয়ার যথা: খাদ্য, যৌন ও পরিশ্রমের পর বিশ্রাম প্রবৃত্তিকে ক্রমাগত একটি মাস নিয়ন্ত্রণের দ্বারা এমন এক শক্তিশালী তাকওয়ার গুণ সৃষ্টি করে থাকি, যার মাধ্যমে নিজের সম্পূর্ণ দেহমন এবং সময়কে প্রভুর জন্য সোপর্দ করে দেই। আমাদের উঠা-বসা, কথা বলা, প্রতিটি বিষয় নিজের প্রভুর বন্দেগীর জন্য ওয়াকফ করে দেই। এ ধরণের ব্যক্তির সমস্ত ধন-সম্পদ, এবং সমস্ত নিয়ামত তা শারীরিক হোক বা আত্মিক, অবশ্যই তিনি তা আল্লাহর পথে নিয়োগ করবেন। এ গুলোই হলো তাকওয়ার গুণাবলী। আল-কুরআনের শুরুতেই এ মুত্তাকীদের কয়েকটি গুণের কথা বলা হয়েছে। এগুলোর অন্যতম গুণটি হলো, "আল্লাহ যে ধন-সম্পদ দিয়েছেন তা থেকে খরচ করেন।"

আমরা রোযার মাধমে ক্ষুৎ-পিপাসার মাধ্যমে নিজেকে কষ্ট দিচ্ছি, তেমনিভাবে বিপুল খরচের মাধ্যমে আমাদের পকেটকেও কষ্ট দেয়া প্রয়োজন। অন্যান্য মাসের তুলনায় এ মাসে আমাদের খরচের পরিমাণ বাড়ানো প্রয়োজন। "মালের রোযা" এর মাধ্যমে আমাদের সমাজ ও সভ্যতায় অসংখ্য বণী আদম যারা আপনার তুলনায় আর্থিকভাবে অনেক নীচে অবস্থান করে, ক্ষেত্রবিশেষে ভ্রাতৃত্বপূর্ণ দরদী সমাজ গঠন করে থাকে। সহানুভূতি ও ভ্রাতৃত্বের প্রবল টানে সমাজ ব্যবস্থায় সামাজিক ও অর্থনৈতিক ভারসাম্যের পরিবেশ সৃষ্টি হয়। এ সমাজের অধিবাসীরা হয়ে উঠে একাধারে নৈতিক, কল্যাণকামী এবং সামাজিক ও অর্থনৈতিক দায়িত্ব জ্ঞান-সম্পন্ন পরস্পরের বন্ধু। আল কুরআনের ঘোষণা "ঈমানদার পুরুষ এবং ঈমানদার স্ত্রীলোকেরাই প্রকৃতপক্ষে পরস্পর পরস্পরের দায়িত্বশীল বা সাহায্যকারী বন্ধু। এদের পরিচয় এবং বৈশিষ্ট্য এই যে, এরা নেক কাজের আদেশ দেয়, অন্যায় কাজ থেকে বিরত রাখে, সালাত কায়েম করে এবং যাকাত আদায় করে, আল্লাহ ও রাসুলের বিধান মেনে চলে। প্রকৃতপক্ষে এদের প্রতিই আল্লাহ রহমত বর্ষণ করেন।" সুরা তাওবা-৭১)

ধর্মীয় উৎসাহ ও আল্লাহ ভীতি ছাড়া যাকাত অর্থহীন। তেমনিভাবে নিজেদের মধ্যে আল্লাহর ভয় সৃষ্টি না হলে রমযানের রোযা অর্থহীন। নামায, রোযা, হজ্ব ও যাকাতের এ পারস্পরিক গুরুত্বের ফলেই ইসলামে ধর্ম ও অর্থনীতি একই সূত্রে গাঁথা। যারা প্রকৃত ঈমানদার তারাই সঠিকভাবে রমযানের সিয়াম পালন করে। আর যারা প্রকৃত রোযাদার তারাই মুত্তাকী। যারা মুত্তাকী তারাই পরস্পরের প্রতি সহানুভূতিশীল। যারা একমাস রমযানে সিয়ামের মাধ্যমে তাকওয়া নামক দূর্লভ গুণ অর্জন করেছেন। তাদের জন্য দুনিয়া ও আখিরাতের সকল কল্যাণ নির্ধারিত রয়েছে।

বর্তমানে আমাদের সমাজে যাকাতের প্রতি যে অবহেলা দেখা যায়, তা দেখে মনে হয় যাকাত একটা দান-খয়রাত বা খেয়াল-খুশি ও দয়া দাক্ষিণ্যের ব্যাপারমাত্র। দয়া পরবশ হয়ে যাকে মনে চায় দিলাম, মন চায় নাই দিলাম না। আবার যারা সামান্য দিতে আগ্রহ বোধ করেন তাদের মধ্যেও 'সাধারণ সরকারি করের মত একটি ফাঁকির মনোভাব কাজ করে। কিন্তু আল কুরআনের নির্দেশনা অনুযায়ী যাকাত কোন দয়া-দাক্ষিণ্য বা দান-খয়রাতের বিষয় নয়। বরং এটি একটি অধিকার। আল্লাহ তা'আলা বলেন, "এবং তার ধন-সম্পদে প্রার্থী ও বঞ্চিত জনের অধিকার রয়েছে।" (সুরা জারিয়াত-১৯) "তুমি কি সে ব্যক্তির কথা ভেবে দেখেছ যে শেষ বিচারের দিনটিকে অস্বীকার করে, এ তো সে ব্যক্তি, যে নিরীহ ইয়াতীমকে গলাধাক্কা দেয়, মিসকীনদের খানা দিতে যে কখনো উৎসাহ দেয়না।" (সুরা মাউন ১-৭)

দু'টি আয়াত থেকেই বুঝা যাচ্ছে যে, যাকাত প্রকৃতপক্ষে দাতার সম্পদ নহে বরং এটা বঞ্চিত ও মিসকিনদেরই হক। দাতা কেবল তার হক আদায়ের দায়িত্বটুকু পালন করলেন মাত্র। মনে রাখা প্রয়োজন, এটা তার কোন কৃতিত্বও নহে বা এটি বাহবা, সুনাম-সুখ্যাতি কুড়াবার কোন বিষয়ও নয়।

কোথাও প্রতিষ্ঠিত ইসলামী সরকার না থাকলেও সালাত এবং রোযা যেমনি ভাবে তার সকল আহকাম ও আরকানসহ আমরা পালন করে থাকি, যাকাত আদায়ের ক্ষেত্রেও আমাদেরকে এর সকল নিয়ম-কানুনের প্রতি অবশ্যই যত্নবান হতে হবে। অন্যথায় সালাত ও রোযার আহকাম ও আরকান ছুটে গেলে যেমন সালাত ও রোযা ফাসেদ বা নষ্ট হয়ে যায়, তেমনি নিজের খেয়াল খুশি মতো যাকাত প্রদান করা হলে তাও ব্যর্থতায় পর্যবসিত হবে। আর একটি বিষয় আমাদের অবশ্যই মনে রাখতে হবে তা হলো, "লোক দেখানো যাকাত" যা আমাদের দেশের একটি সংস্কৃতি হিসেবে উন্নতি লাভ করেছে তা থেকেও বিরত থাকতে হবে। এটা সাধারণত সুনাম সুখ্যাতি ও বাহবা কুড়ানোর বিষয় নয়। যারা এমনটি করেন তাদের নিয়ত উপরের হামলা না করে অত্যন্ত সম্মানিত সহকারে অনুরোধ আল কুরআনের খাত অনুযায়ী যাকাত আদায় করুন।

এ সম্পর্কে আল কুরআনে আল্লাহর ধমকি শুনুন: "হে ঈমানদারগণ! তোমাদের দানকে অন্যের উপরে নিজের অনুগ্রহ প্রচার করে বা কাউকে কষ্ট দিয়ে সেই ব্যক্তির মতো নষ্ট করে দিও না, যে শুধু অন্যকে দেখাবার জন্য কিংবা সুনাম কিনার জন্য অর্থ ব্যয় করে অথচ সে আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে না। তার দৃষ্টান্ত হচ্ছে: একটি মসৃণ পাথ রখন্ডের উপর মাটির আস্তর জমেছিল। প্রবল বর্ষণের ফলে সমস্ত মাটি ধুয়ে গেলো। এখন সেখানে রয়ে গেল শুধু পরিষ্কার পাথরখন্ডটি। এ সমস্ত লোকেরা দান-খয়রাত করে যে নেকী অর্জন করে বলে মনে তার কিছুই তার কাছে আসে না। আর আল্লাহ কাফেরদের সোজা পথ দেখান না।" (সুরা বাকারা-২৬৪) কাজেই রমযানের রোযা আমি পালন করছি কি না তা যেমন আমি আর আমার আল্লাহই ভাল জানেন, তেমনি দানের ব্যাপারটি ঐ রকই হওয়া উচিত। বলা হয়েছে যে তুমি এমনভাবে দান কর যে ডান হাতে দান করলে তোমার বাম হাত যেন তা জানতে না পারে।



এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির ইফতার মাহফিল অনুষ্ঠিত





শেষ পৃষ্ঠায় পর

রহমান তরফদারের বাবা মরহুম ফজলুর রহমান তরফদার, শাহজালাল মসজিদের অন্যতম প্রতিষ্ঠাতা ও ট্রাষ্টি সদস্য মরহুম তরাজ মিয়া ও আল আমীন মসজিদের মুসল্লী মরহুম সোয়েব আহমেদের জন্য বিশেষ দোয়া করা হয়। বৈরী আবহাওয়ার মধ্যেও এতে দেড় শতাধিক মুসল্লি অংশ নেন। খবর ইউএনএ'র।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি সোহেল আহমেদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিনের পরিচালনায় অনুষ্ঠিত ইফতার মাহফিলে বিশেষ দোয়া পরিচালনা করেন হাফিজ মাওলানা লুৎফুর রহমান ও মাওলানা নেসার আহমেদ।

মাহফিলে বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের সহ কমিউনিটির উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে আল আমিন জামে মসজিদ পরিচালনা কমিটির আব্দুর রকীব, শাফায়েত খান, মিসবাউর রহমান এনাম, মোহাম্মদ হেলাল ও আব্দুর রহীম, কুলাউড়া এসোসিয়েশনের কোষাধ্যক্ষ লিটন আহমেদ, মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটির সদস্য চমন উদ্দিন, রাহাত খান, শহীদ মিজানুর রহমান, মোহাম্মদ শাহীনুজ্জামান, গোলাম কিবরিয়া চৌধুরী, মশফিক চৌধুরী, মুশফিকুর রহমান, আবু বকর সিদ্দিক, আল আমীন, মোখলেসুর রহমান, হাজী মোহাম্মদ আফাজ উদ্দিন, হাজী মোহাম্মদ আফাজ উদ্দিন, মঞ্জুরী আহমেদ মুন, জায়েদ আহমেদ, রাশিদা আকতার প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কর্মকর্তাদের মধ্যে উপদেষ্টা দেওয়ান শাহেদ চৌধুরী, হাজী আব্দুর রহমান, সহ সভাপতি কয়েস আহমদ, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, সদস্য আবু সোলেমান, রুবেল আহমেদ উপস্থিত ছিলেন।

ইফতার মাহফিলটি সফল করায় বিশেস সহযোগিতার জন্য এপোলো ইন্স্যুরেন্স-এর প্রেসিডেন্ট শমশের আলীকে বিশেষ ধন্যবাদ জানানো হয়। এছাড়াও প্রচন্ড তুষারপাত উপক্ষো করে বৈরী আবহাওয়ার মধ্যে বিপুল সংখ্যক মানুষ ইফতার মাহফিলে উপস্থিত হওয়ার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা জানান সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন।







নিউকো'র ইফতার ও সার্টিফিকেট প্রদান

শেষ পৃষ্ঠায় পর

অতিথি হিসেবে উপস্থিত থেকে স্বেচ্ছাসেবী ও শিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট তুলে দেন নিউ ইয়র্ক স্টেট সিনেটর জেসিকা রামোস।

সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ সাইফুর রহমানে সঞ্চালনায় এ আয়োজনে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান মিনহাজ আহমেদ, কো-ফাউন্ডার শামিম আহমদ, নজরুল ইসলাম, সদস্য নূরে আলম জিকু, কোষাধ্যক্ষ জামাল উদ্দিন আহমদ লিটন, টাইম টেলিভিশনের সি ই ও আবু তাহের, টাইম টেলিভিশনের পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, অ্যাস্টোরিয়ার ওয়েলফেয়ার সোসাইটি সভাপতি সোহেল আহমদ, সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিন, সহসভাপতি কয়েস আহমাদ এবং সদস্য রুবেল আহমদসহ নিউকোর সদস্যরা।









এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

পার্মানেন্ট রেসিডেন্টদের সন্তান এবং সিটিজেনদের ভাই ও বোনের ফাইল প্রক্রিয়া এবং অপেক্ষার সময় :

গ্রিনকার্ডধারীদের পরিবার (পার্মানেন্ট রেসিডেন্ট)

একজন গ্রিনকার্ডধারী হিসেবে (পার্মানেন্ট রেসিডেন্ট), আপনি পরিবারের নির্দিষ্ট কিছু সদস্যের জন্য পার্মানেন্ট রেসিডেন্ট হিসেবে ইউএসএ'তে আসার জন্য আবেদন জানাতে পারেন।

পরিবারের নিম্নবর্ণিত সদস্যের জন্য আবেদন জানানো যায়:

- স্পাউস (স্বামী/স্ত্রী);
- ২১ নিম্ন বয়সী সন্তান;
- যেকোনো বয়সী অবিবাহিত সন্তান।

অগ্রাধিকার ভিত্তিক ক্যাটাগরি :

ফ্যামিলি ভিত্তিক - ইমিগ্রেশনের জন্য অগ্রাধিকার ভিত্তিক ক্যাটাগরি সমূহ:

- প্রথম অগ্রাধিকার:

ইউএস সিটিজেনদের অবিবাহিত এবং বয়স্ক সন্তান (২১ বছর বা তদূর্ধ);

- দ্বিতীয় অগ্রাধিকার (২এ):

গ্রিনকার্ডধারীদের স্পাউস (স্বামী/স্ত্রী), অবিবাহিত পুত্র-কন্যা (২১ নিম্ন বয়সী);

- দ্বিতীয় অগ্রাধিকার (২বি):

পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা;

- তৃতীয় অগ্রাধিকার: ইউএস সিটিজেনদের যেকোনো বয়সের বিবাহিত পুত্র-কন্যা;
- চতুর্থ অগ্রাধিকার: পূর্ণ বয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোন।

পরিবার ভিত্তিক সদস্যদের অগ্রাধিকারই নির্ধারণ করবে তাদের ইমিগ্রান্ট ভিসার জন্য কত সময় অপেক্ষা করতে হবে।

নিউইয়র্ক থেকে মনসুর খানের প্রশ্নঃ আমি একজন ইউএস সিটিজেন। একজন ইউএস সিটিজেন হিসেবে বাংলাদেশে বসবাসকারী আমার বাবার জন্যে আবেদন করেছি। আমার মা বেঁচে নেই। সে কারণে আমার বাবা খুব নিঃসঙ্গ জীবন কাটান। আমি আমার মা-বাবার একমাত্র সন্তান বলে আমার বাবাকে নিয়ে দুশ্চিন্তায় প্রদিতিন ও সময় অতিবাহিত করি। আমি আমার বাবার আসার অপেক্ষায় আছি।

আপনার কাজে আজ আমার এই লেখার উদ্দেশ্য হচ্ছে– আমি অসুস্থার কারণে বেশি কাজ করতে পারি না। আমার বন্ধু পরামর্শ দিয়েছে ফুড স্ট্যাম্প স্ট্যাম্পের ব্যাপারে পরামর্শ দিয়েছে। কারণ আমি একা আমার পরিবারের উপার্জন ক্ষম ব্যক্তি। আমার বন্ধু বলেছে সাংসারিক দুরবস্থা কাটাবার জন্য এটি নাকি আমি গ্রহণ করতে পারি।

আমার বন্ধুর পরামর্শ অনুযায়ী আমি আপনার কাছে জানতে চাচ্ছি যে, সাংসারিক এই দুরবস্থায় আমি কি ফুড স্ট্যাম্প গ্রহণ করতে পারি?

তবে আমার আরো একটু জানার বিষয় হচ্ছে আমি যদি ফুড স্ট্যাম্প গ্রহণ করি তাহলে আমার বাবার এদেশে আসার জন্য স্পন্সরের কী হবে? অর্থাৎ ফুড স্ট্যাম্প গ্রহণের ফলে আমার বাবার স্পন্সরের ব্যাপারে কোন রকম সমস্যার সৃষ্টি হতে পারে কি-না?

মনসুর খানের প্রশ্নের উত্তরঃ আমাদের প্রথমেই জানা থাকা দরকার যে একজন ইউএস সিটিজেন কাদের জন্য আবেদন করতে পারেন। নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্য একজন ইউএস আবেদন করতে পারেনঃ

১) স্পাউস (স্বামী/স্ত্রী),

২) সন্তান– ২১ নিম্ন, ২১ উর্ধ্ব (বিবাহিত এবং অবিবাহিত), সন্তান।

৩) মা-বাবা এবং

৪) ভাই-বোন।

আপনি একজন ইউএস সিটিজেন বলে আপনি আপনার বাবার জন্যে আবেদন করেছেন। এখন আপনার জানার বিষয় হচ্ছে ফুড স্ট্যাম্প গ্রহণ করলে এ ব্যাপারে কোন অসুবিধা সৃষ্টি হতে পারে কিনা?

এ সম্পর্কে একটি উত্তর হচ্ছে, ফুড স্ট্যাম্পের জন্য তারাই উপযুক্ত যাদের উপার্জন খুব কম। স্বল্প উপার্জনক্ষম ব্যক্তির ক্ষেত্রে– তারা কারো জন্য স্পন্সর করলে তাকে যুগলভাবে স্পন্সর করতে হবে। ইউএস সিটিজেনদের ফুড স্ট্যাম্পসহ অন্যান্য যে সব সুবিধা রয়েছে সেগুলো গ্রহণ করতে পারেন। এ জন্যে কোন সমস্যার সৃষ্টি হওয়ার কথা নয়।

তবে যিনি সরকারী সহায়তা গ্রহণ করেন তিনি তার পরিবারের কোন সদস্যের জন্যে আবেদন করতে পারেন না। অবশ্য নির্ধারিত উপার্জনের কম পরিমাণ উপার্জনক্ষম হলে তাকে যুগল স্পন্সরশীপ গ্রহণ করতে হয়।

আপনি আপনার বাবার জন্য আবেদন করেছেন, সে কারণে ফুড স্ট্যাম্প গ্রহণের আগে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নির সাথে সরাসরি আলোচনা করা আবশ্যক।

ইমিগ্রেশন বিষয়ে আমরা সবসময় যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে অবশ্যই একজন ইমিগ্রেশন এটর্নির সাথে পরামর্শ করা ভালো। প্রয়োজনবোধে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

ভ্যালেন্টাইনস প্রতিদিন

(চারণ ও চিত্রণকে, গভীর মমতায়)

ফারুক ফয়সল

কতোটা এগোলে হে পথিক প্রবর?
আরও কতোটা পথ পেরুলে সুইট হোম?
রাজকন্যাদের ঘুমন্ত নিস্পাপ মুখে ফুটে থাকা
বাবার বাড়ি ফেরার অপেক্ষার ছবি!
তোমাকে 'গুড নাইট' বলে মায়ের চুলের ঘ্রাণ শুঁকতে শুঁকতে,
ঘুমের দেশে পরীদের সাথে এক্কা দোক্কা খেলা?

সম্মানীয় তরুণীরা এই সেদিন শিশুর দন্ত বিকশিত হাসি!
আজো চোখ বন্ধ করলেই হামাগুড়ি!
হাঁটি হাঁটি বয়সে এঘর ওঘর
ছোট্ট দুটি কাজল পরা চোখে
বাবার জন্যে অপেক্ষা!
মাকে খোঁজাখুঁজি আজো তাদের!

অবশেষে অনেক অভিমানে
চোখ দুটো জলে ভিজে ভারী হয়ে এলে
ঘুমের মাঝে ডুবে যাওয়া!

আহা মায়েরা, বেঁচে থাকো,
তোমাদের মেয়েরাও একদিন

শূন্যতার ব্যাকরণ

আলম মাহবুব

শূন্যতার কোন ভেতর নাই বাহির নাই,
দরজা জানালা নাই- দেয়াল নাই
আলো নাই বৃষ্টি নাই,
স্বপ্ন ভাঙ্গার রাত্রি নাই- আনন্দ নাই
ব্যথা বেদনার রোদন নাই,
হাসি নাই কান্না নাই- রৌদ্রছায়ার গান নাই।

শূন্যতার কোন ভাষা নাই- ভাষার ভেতরে গল্প নাই
জলভরা নদীর ঢেউ নাই, নদী ভাঙ্গার কাহিনী নাই
দিন নাই রাত্রি নাই- পারাপারের কিস্তি নাই

ঝরা ফুলের দুঃখ নাই-
বনের ভেতর পাখপাখালির গান নাই,
দিগন্ত ছুঁয়া আকাশ নাই, আকাশ ভরা সূর্য তারা নাই
স্নেহমায়ার ছায়া নাই,
শব্দ নাই শব্দের ভেতর আগুন নাই-
দীর্ঘশ্বাসের করুণ স্মৃতি নাই।

নরনারীর প্রেম জাগিয়ে দূরে কোথাও যাওয়া নাই-
শূন্যতার কোন আলো নাই, অন্ধকার নাই।

বাসিন্দা ও ছোট ফুল

টিপু সুলতান

কাটাছেঁড়া কবিতার ইতি টানতে গিয়ে
আরও স্থির অপেক্ষায় মুখিয়ে থাকি

কারও হাত ফসকে তোমার শহরে
এক আশ্চর্য রাত পার হয়ে যায়,
দীর্ঘ অনিদ্রা, আয়নার পান্থশালা থিকা
রমণীর দিনগুলোয়
পরীরা যে রাতে নেচেছিল,
বারান্দায় অর্কিডের গাছ,
বৃষ্টির সালামি সমেত জোড়া চিত্রকল্প
ওলট-পালট হতে গিয়ে
এরকম লুকিয়ে থাকা কাঁচামুখ ভেসে ওঠে
সে এক নিরহ বাসিন্দা:

রাষ্ট্র বিজ্ঞানের ভায়োলিন সুরে মোড়ানো
সেসব কথোপকথনের ছোট ফুল,
সেসবে মালা গাঁথি, ধরো- লিখছি যা-তা!

জৈবিক উপমা

বশির আহমেদ

সাঁতার কাটার সংজ্ঞা না জেনে আমি সমুদ্রে হাবুডুবু খাই
জলের গভীরে মাংসাশীর ভয়
ডাঙ্গায় বিষাক্ত সরীসৃপ
যেদিকে যাই মৃত্যু অনুচর!
তোমার যে চোখ এক সময় আমাকে দেখতো
সেই চোখে লুকিয়ে ছিল জৈবিক উপমার শিল্পতত্ত্ব,
তুমি আমাকে ওইভাবে ভালোবাসতে পারোনি, যে
ভালোবাসা হৃদপিণ্ড থেকে উৎপন্ন করে সুখের ডোপামিন!

পাখিরা উড়ুক মুক্ত হাওয়ায়

মুহাম্মদ রফিক ইসলাম

দীর্ঘ রাত্রির পর এক উঠোন রোদ
ছুঁয়ে গেছে বারান্দা,
তুমি জানালার শিক ধরে দেখলে দূরের আকাশ:
নীল মেঘ, শাদা মেঘ, মেঘেদের চড়ুইবাতি খেলা...

এমন একটা রৌদ্রোজ্জ্বল ভোর কে না চায়
দীর্ঘ অমাবস্যার পর?
পাখিরা উড়ুক, উড়ুক মুক্ত হাওয়ায়
আকাশের সীমারেখা বাড়িয়ে ধরে
কিছুটা সময় দাঁড়িয়ে থাকো তুমি...

বসন্ত এসেছে

ফজিলা ফয়েজ

ধুলো মাখা মলিন শোকের পথ ধরে বসন্ত এসেছে।
আকাশ জোড়া রৌদ্র, চৈত্রের রঙ্গিন খামে ভরা চিঠি
এসেছে তবুও রক্তে রাঙ্গা শিমুল যেন রংহীনতায় বসে আছে অভিমানে।
পলাশের আগুন জলে ডালে কুড়ি ফোটে অন্তর্গত বনে
আমি তো পুড়ছি পুড়েই যাবো শেষ বসন্তের কালেও।

দখিনা হাওয়ায় শুকনো পাতার শব্দ সেতো বৈরী হওয়া
তিক্ততার গন্ধ সেখানে আছে মানুষের হাহাকার
রাত্রির অন্ধকারে মুখোশ খুলে দাঁড়ায়, কান্না আর প্রতিহিংসার নগ্ন হাসি।
ভয়ে শিশির নামে না, লবণাক্ত এই বসন্তে কোকিল ডাকে না।
ফুল ফোটার এই বসন্তে ডালে, গড়ে উঠেছে কাটার রাজ্য।
কোন এক বসন্তে কি কোকিল ডেকে বলবে?
'এই রংহীনতা আরেকটি রংয়েরই জায়গান'

কুলাউড়া এসোসিয়েশনের ইফতার মাহফিল

শেষ পৃষ্ঠায় পর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রোববার ১ মার্চ নিউইয়র্কের কুইন্সের উডসাইডের কুইন্স প্যালেস পার্টি হলে এই ইফতার মাহফিল আয়োজন করা হয়। কুলাউড়া এসোসিয়েশনের ইফতার মাহফিলে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রায় ৪ শতাধিক কুলাউড়াবাসী পরিবার পরজিন নিয়ে অংশ নেন। এছাড়াও আমন্ত্রিত অতিথি হিসেবে কমিউনিটির বিভিন্ন নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন। সংগঠনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মইনুর রহমান সুয়েবের সঞ্চালনায় সংগঠনের নেতৃবৃন্দদের সার্বিক তত্বাবধানে আগত অতিথিদের আপ্যায়ন সম্পন্ন হয়।





























কুলাউড়া এসোসিয়েশনের ইফতার মাহফিল











বিসমিল্লায় গলদ!

শেষ পৃষ্ঠায় পর

অভিজ্ঞতা শুধু লোন নেওয়া আর ছলছুতায় তা মেরে দেওয়া, এমন একজন গার্মেন্টস ব্যবসায়ীকে কেন্দ্রিয় ব্যাংকের গভর্ণরের পদে বসানো কোন ভাল বার্তা দেয় না। আহসান মনসুর ব্যাংকিং সেক্টরের এক ক্রান্তিকালে হাল ধরেছিলেন। তিনি কোন দলীয় লোক না। আপাদমস্তক প্রফেশনাল। প্রফেসর ইউনুসের কয়েকটা ভাল সিলেকশনের মধ্যে এই পছন্দটা ছিল ইউনিক। তাকে নিয়ে কারও কোন প্রশ্ন ছিল না। দেড় বছরে মনসুর ব্যাংকিং সেক্টরে একটা শৃংখলা ফিরিয়ে এনেছিলেন। রিজার্ভ বাড়িয়েছেন। অনেক বিদেশী দেনা শোধ করেছেন। সবচেয়ে বড় কথা ব্যাংক লুট বন্ধ করেছেন। ব্যাংকের টাকা মেরে দেওয়ার সংস্কৃতির অবসান ঘটিয়েছেন। ঋণ খেলাফীদের টুটী চেপে ধরেছেন। সঙ্গত কারনেই তাবৎ ব্যাংক লুটেরা তার ওপর ক্ষিপ্ত ছিল। লুটপাটের বখরা না পাওয়া এক শ্রেণীর ব্যাংক কর্মকর্তা কর্মচারিকে ক্ষেপিয়ে তার বিরুদ্ধে আন্দোলন করিয়েছে। এবং নতুন সরকার আসার সাথেসাথেই মব সৃস্টি করে অপসারনের প্রেক্ষিত তৈরী করেছে। এই সুযোগের সদ্ব্যবহার করে অর্থমন্ত্রী কালবিলম্ব না করে গভর্ণরকে সড়িয়ে দিয়েছে।

এটা কোন ভাল কাজ হলো না। সরকারের উদ্দেশ্য সম্পর্কে ভাল মেসেজ গেলো না। এর আগে জনৈক খুনের মামলার আসামীকে মন্ত্রী বানিয়ে একাধিক গুরুত্বপূর্ণ মন্ত্রনালয় দেওয়ায় বিস্তর সমালোচনা উঠেছে। প্রধানমন্ত্রী সোস্যাল মিডিয়া ব্যবহার করেন। নিশ্চয়ই তিনি পাবলিক রিএ্যাকশন দেখেছেন। তার স্ত্রী কন্যা বা কাছের লোকজনও তাকে বলেছেন। উচিত ছিল ব্যবস্থা নেওয়া। সময় যায় নাই। মানুষ অপেক্ষা করছে তার পরবর্তী পদক্ষেপের জন্য। এর মধ্যে গভর্ণর পদে এই অনাকাংখিত রদবদল।

আহসান মনসুরকে রেখে দিতে হবে এমন কোন কথা নাই। কিছুদিন পরে সড়ালেও চলতো। নিদেনপক্ষে কোন অবিতর্কিত বা যোগ্য লোককে বসালেও ততটা কথা উঠতো না। সবচেয়ে বড় কথা যেভাবে মব সন্ত্রাস করে তাকে বের করে দেওয়া হয়েছে তাতে মানুষ ছি ছি করছে। এই নিয়োগ প্রধানমন্ত্রীর অনুমোদন ছাড়া বা তাকে না জানিয়ে হয়েছে এমনটা মনে করার কারন নাই। দীর্ঘদিন তিনি দেশে ছিলেন না। সবাইকে চেনারও কথা না। তবে এখন তার উপলব্ধি করা উচিত যারা তাকে রাজী করিয়েছে, ভুল বুঝিয়েছে। এই ভুল সংশোধন করতে হবে।

প্রধানমন্ত্রী মহোদয়ের বাবা ছিলেন একজন ন্যায়নিষ্ট রাষ্ট্র প্রধান। শত্রুরাও তার সম্পর্কে এক পয়সার দূর্নীতির অপবাদ দিতে পারে নাই। বিদ্যুতের ইস্ট-ওয়েস্ট ইন্টার কানেক্টার স্থাপনের কাজ পেয়েছিল একটা কোরিয়ান কোম্পানী। প্রয়াত ব্যরিস্টার মওদুদ আহমদ ছিলেন সে সময় যোগাযোগ বা জ্বালানী মন্ত্রী। একদিন কোম্পানীর পক্ষ থেকে রাষ্ট্রপতিকে জানানো হয় মন্ত্রী তাদের কাছে ঘুষ চেয়েছেন। পরের দিনই মওদুদ আহমদ বরখাস্ত। জিয়াউর রহমানের জীবদ্দশায় তিনি আর কোন সরকারি পদে ফিরতে পারেন নাই। বিদেশ থেকে ফেরার সময় তৎকালীন আমদানী নিষিদ্ধ ভিসিআর যন্ত্র আনার দায়ে সফরসঙ্গী নিজের একান্ত সচিবকে ইম্পট্যান্ট রিলিজ করেছিলেন।

আহসান মনসুরকে সড়িয়ে যারা একজন ঋণখেলাফী ব্যবসায়ীকে গভর্ণরের পদে বসিয়েছে তাদের উদ্দেশ্য খুবই মহৎ, এমনটা মনে করার কোন কারন নাই। ঋণ খেলাফীরা এখন স্বস্তির নিঃশ্বাষ ফেলবে। ডলার পাচারকারীরা আবার আশায় বুক বাঁধবে। বিদেশে পলাতক তারকা ব্যাংক ডাকাতরা ফিরে এসে আবার লুটপাটের স্বপ্ন দেখবে। অচীরেই ব্যাংকের টাকার হরিলুট শুরু হলেও কেউ অবাক হবে না। তবে এর সবকিছুর দায়ভার এসে পড়বে প্রধানমন্ত্রীর ওপর। শুরুতেই যদি তিনি এইসব মতলববাজী ধান্ধাবাজীর লাগাম টেনে ধরতে না পারেন, একদিন দেখবেন প্রফেসর ইউনুসের মত অসহায় বসে আছেন। সুযোগ সন্ধানীরা মাথায় কাঁঠাল ভেঙ্গে খেয়ে গেলেও, লুটপাটের মহোৎসব চালালেও করার কিছুই থাকবে না।

স্ন্যাপ তহবিল বন্ধের সিদ্ধান্তে সাময়িক স্থগিতাদেশ

শেষ পৃষ্ঠায় পর

বেশি সময় এই শর্ত পূরণ না করলে সুবিধা হারাতে হতে পারে। এছাড়াও বিশেষভাবে ৫৫ থেকে ৬৪ বছর বয়সী, "স্বয়ংসম্পূর্ণ প্রাপ্তবয়স্ক"দের জন্য নতুন কর্মসংস্থান, স্বেচ্ছাসেবা বা চাকরি প্রশিক্ষণ শর্ত আরোপ করা হয়েছে।

তবে শারীরিক বা মানসিক সীমাবদ্ধতার কারণে যারা কাজ করতে অক্ষম, অথবা যারা ১৪ বছরের কম বয়সী কাউকে দেখাশোনা করছেন, তারা এ শর্ত পূরণ করতে হাবেনা।

অপরদিকে নেভাডায় ৪৬ হাজার মানুষ নতুন নিয়মের কারণে স্ন্যাপ (ফুড স্ট্যাম্প) সুবিধা হারাতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। স্থানীয় গণমাধ্যম ফক্স ৫ লাস ভেগাস এ বিষয়টি জানিয়েছে।

ত্রি স্কোয়ার এর প্রেসিডেন্ট বেথ মার্টিনো বলেন, "নেভাডায় কাজ খোঁজা সবার জন্য সহজ নয়। অনেকেই চাকরি খুঁজলেও তা পেতে হিমশিম খাচ্ছেন। বিশেষ করে ষাটের কোঠায় থাকা মানুষদের জন্য এটি বড় চ্যালেঞ্জ হতে পারে।"

তার মতে, আগামী মাসগুলোতে খাদ্য সহায়তার চাহিদা আরও বাড়বে। "অন্তত ৪৫ হাজার মানুষ এবং হয়তো আরও বেশি মানুষ জানবেন না কীভাবে নিজেদের ও পরিবারের খাবারের ব্যবস্থা করবেন। আমাদের আরও উপায় খুঁজতে হবে যাতে আমরা সম্প্রদায়ে বেশি খাদ্য পৌঁছে দিতে পারি,"।

তথ্যমতে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এক নির্বাহী আদেশের ভিত্তিতে ইউএস ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার (ইউএসডিএ) স্ন্যাপ সুবিধাভোগীদের ব্যাপক তথ্য হস্তান্তরের নির্দেশ দেয় রাজ্যগুলোকে। প্রশাসনের দাবি ছিল, এই পদক্ষেপ "অপচয়, জালিয়াতি ও অপব্যবহার" রোধে সহায়ক হবে। তবে নির্দেশ না মানলে স্ন্যাপ তহবিল কমিয়ে দেওয়ার কথাও জানানো হয়।

এর প্রেক্ষিতে নিউইয়র্কসহ ২২টি স্টেট আদালতে চ্যালেঞ্জ জানিয়ে মামলা করে। মামলায় দাবি করা হয়, স্টেটের কাছে স্ন্যাপ গ্রহীতাদের এই তথ্য চাওয়া ফেডারেল গোপনীয়তা আইন ও সংবিধান লঙ্ঘন করে। এছাড়াও স্ন্যাপ গ্রহীতাদের ব্যক্তিগত তথ্য অন্য কাজে বিশেষত অভিবাসন আইন প্রয়োগে ব্যবহার হতে পারে বলে আশঙ্কা রয়েছে।

স্টেটগুলোর অ্যাটর্নি জেনারেলরা আদালতের কাছে আবেদন করেছিলেন, ইউএসডি বারবার হুশিয়ারি দিয়ে রাজ্যগুলোর স্ন্যাপ তহবিল কেটে দেওয়ার চেষ্টা করছিল। ইউএসডিএ নভেম্বর ও ডিসেম্বর মাসে রাজ্যগুলোর কাছে চিঠি পাঠিয়ে খাদ্য সহায়তা প্রাপ্তদের নাম, ঠিকানা ও অভিবাসী অবস্থা চেয়েছিল।

ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল জড়ন বোন্টা এক বিবৃতিতে বলেন, "আমরা দ্বিতীয়বারের মতো আদালতের আদেশ পেয়েছি যা ট্রাম্প প্রশাসনের ব্যক্তিগত তথ্য সংগ্রহের চেষ্টাকে ঠেকিয়েছে।"

নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস সোশ্যাল মিডিয়ায় বলেছেন, "এই রায় লক্ষ লক্ষ সংবেদনশীল মানুষ ও আমাদের অভিবাসী সম্প্রদায়ের তথ্য সুরক্ষিত রাখবে।"

অন্যদিকে ইউএসডিএ সেক্রেটারী ব্রোক রোলিন্স এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, প্রেসিডেন্টের নির্দেশ অনুযায়ী ফেডারেল অর্থায়নে সব কর্মসূচির ওপর সরকারের প্রবেশাধিকার থাকা উচিত এবং স্ন্যাপও তার ব্যতিক্রম নয়।

স্ন্যাপ কর্মসূচির ওপর সারা দেশে প্রায় ৪ কোটি মানুষ নির্ভরশীল। যদিও এটি ফেডারেল অর্থায়নে পরিচালিত, বাস্তবায়ন করে রাজ্য সরকারগুলো। গত নভেম্বরে ইউএসডিএর এক চিঠি অনুযায়ী, ২৮টি অঙ্গরাজ্য ইতিমধ্যে চাওয়া তথ্য জমা দিয়েছে, যাদের অধিকাংশই রিপাবলিকান-নেতৃত্বাধীন।

এদিকে নিউইয়র্কে প্রায় ২.৯ মিলিয়ন মানুষ স্ন্যাপ এর সুবিধা পান, যা প্রায় স্টেটের ১৪% জনসংখ্যা। এই প্রোগ্রাম শিশু, বয়স্ক এবং অ-বয়স্ক প্রতিবন্ধী সহ বিভিন্ন সুবিধাভোগীকে খাদ্য সহায়তা দেয়। নিউইয়র্কে আনুমানিক ৭.৪ বিলিয়ন ডলার বার্ষিক স্ন্যাপ সুবিধা বিতরণ করে।

বাফেলোতে রোহিঙ্গা শরণার্থীর মৃত্যু ঘিরে চাঞ্চল্য

শেষ পৃষ্ঠায় পর

তাঁর মরদেহ উদ্ধার করা হয়।

এনিয়ে স্থানীয় মেয়র ও কংগ্রেসম্যানদের ক্ষোভ প্রকাশ করেছেন। বুধবার বাফেলোতে জানাজা শেষে সেখানকার একটি সিমেট্রিতে তাঁকে দাফন করা হয়। ঘটনাটি নিয়ে স্থানীয়, অঙ্গরাজ্য ও ফেডারেল পর্যায়ে তদন্তের দাবি উঠেছে। পরিবারেরও দাবি বিষয়টি সুষ্ঠু তদন্তের।

এপি নিউজ একটি ভিডিও ফুটেজের বিশ্লেষণে জানায়, ১৯ ফেব্রুয়ারি রাতে বর্ডার প্যাট্রোল এজেন্টরা শাহ আলমকে টিম হর্টনস-এ পৌছে দিয়ে চলে যান। তিনি পার্কিং লট দিয়ে আস্তে আস্তে হাঁটেন, ঠান্ডা থেকে বাঁচতে হুড টানেন এবং রেস্তোরাঁর লক করা দরজা পেরিয়ে রাতের অন্ধকারে চলে যান।

৫ দিন পরে তাকে ডাউনটাউন স্পোর্টস এরিনার কাছে মৃত অবস্থায় পাওয়া যায়। কীভাবে টিম হর্টনস থেকে সেখানে পৌছেছেন তা স্পষ্ট নয়। কাউন্টি মেডিক্যাল এক্সামিনার মৃত্যুর কারণ তদন্ত করছেন।

শাহ আলমের পরিবার জানায়, তিনি নতুন আসা এবং শহরের সঙ্গে খুব কমই পরিচিত ছিলেন, এক চোখে অন্ধ এবং অন্য চোখে সীমিত দৃষ্টি। তিনি ইংরেজি খুবই কম জানতেন।

৫৬ বছর বয়সী নুরুল আমিন শাহ আলম ১৯ ফেব্রুয়ারি নিখোঁজ হন। কর্মকর্তারা জানান, ওইদিন ইউএস বোর্ডার পেট্রোল এজেন্টরা তাকে এরি কাউন্ট্রি জেল থেকে মুক্তির পর একটি কফি শপে নামিয়ে দেন। পাঁচ দিন পর, মঙ্গলবার রাত সাড়ে আটটার দিকে কফি শপ থেকে প্রায় চার মাইল দূরে তার মরদেহ উদ্ধার করে বাফেলো পুলিশ ডিপার্টমেন্ট।

গত বছরের ফেব্রুয়ারিতে এক ভুল বোঝাবুঝির জেরে তাকে গ্রেপ্তার করা হয়েছিল বলে পরিবারের দাবি। তার ছেলে মোহাম্মদ ফয়সাল জানান, হাঁটার সময় পর্দার রডকে লাঠি হিসেবে ব্যবহার করছিলেন শাহ আলম। পথ হারিয়ে অন্য এক বাড়ির ব্যক্তিগত সম্পত্তিতে ঢুকে পড়লে পুলিশকে খবর দেন স্থানীয় বাড়ির মালিক এবং পুলিশের নির্দেশ না বুঝতে পারায় তাকে আটক করা হয়।

গত বৃহস্পতিবার ১৯ ফেব্রুয়ারি বিকেলে জামিনে মুক্তি পান। এরি কিউন্ট্রি শেরিফ অফিস জানায়, আগে থেকে জারি থাকা ইমিগ্রেশন ডিটেইনারের কারণে তারা ইউএস বর্ডার প্যাট্রোলকে অবহিত করে।

তার আইনজীবী বেঞ্জামিন ম্যাকালুসোর ভাষ্য অনুযায়ী, ওইদিন বিকেল ৪টা ৩৯ মিনিটে শাহ আলম মুক্তি পাওয়ার পর বর্ডার পেট্রোল এজেন্টরা তাকে এরি কাউন্ট্রি জেল থেকে থেকে নিজেদের হেফাজতে নেন। পরবর্তীতে রাত আটটার কিছু পর তাকে ব্ল্যাক রক এলাকার নাইয়াগ্রা স্ট্রিটের একটি টিম হর্টনসে নামিয়ে দেওয়া হয়। অথচ তার পরিবারের বাসা শহরের অন্য প্রান্তে ব্রডওয়ে-ফিলমোর এলাকায়, যা সেখান থেকে প্রায় পাঁচ মাইল দূরে। তিনি আরো জানান, শাহ আলমকে মুক্তির বিষয়টি পরিবার বা তার আইনজীবী কাউকেই জানানো হয়নি বোর্ডার পেট্রোলের পক্ষ থেকে।

বর্ডার প্যাট্রোলের এক মুখপাত্র দাবি করেন, শাহ আলম যুক্তরাষ্ট্রে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে শরণার্থী হিসেবে প্রবেশ করেছিলেন। ১৯ ফেব্রুয়ারি হেফাজতে নেয়ার পর তাকে বহিষ্কারযোগ্য নয় বলে নিশ্চিত হোন। এজেন্টরা অনুবাদক সফটওয়্যার ব্যবহার করে তার সঙ্গে যোগাযোগের চেষ্টা করেন এবং তার অনুরোধেই তাকে একটি উষ্ণ ও নিরাপদ স্থানে তার শেষ পরিচিত ঠিকানার কাছের একটি কফি শপে নিয়ে যাওয়া হয়। তাকে ফোন করার সুযোগ দেওয়া হলেও তিনি তা নেননি বলে জানানো হয়।

তবে পরিবারের অভিযোগ, তাকে কোথায় নামিয়ে দেওয়া হয়েছে সে বিষয়ে তাদের বা তাদের আইনজীবীকে জানানো হয়নি। শাহ আলম পড়তে লিখতে পারতেন না এবং ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতেন না বলেও পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

নুরুল আমিন শাহ আলম ও তার পরিবার মিয়ানমারের রাখাইন রাজ্যের আরাকান রোহিঙ্গা মুসলিম সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত। সামরিক জান্তার দমন-পীড়নের পর ২০১৬ সালের শেষ দিক থেকে লক্ষাধিক রোহিঙ্গা দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হন। তিনি ২০২৪ সালে প্রথমে মায়ানমার থেকে মালোয়শিয়া এবং পরবর্তীতে স্ত্রী সন্তানসহ ২০২৪ সালে যুক্তরাষ্ট্রতে শরণার্থী হিসেবে আসেন।

পুলিশ জানিয়েছে, হোমিসাইড ডিটেকটিভরা তার মৃত্যুর আগে-পরে ঘটনাপ্রবাহের পরিস্থিতি খতিয়ে দেখছেন। তবে এরি কাউন্ট্রি মেডিকেল এক্সামিনার ময়নাতদন্ত করে জানিয়েছে, শাহ আলমের মৃত্যু স্বাস্থ্যজনিত কারণে হয়েছে; হাইপোথারমিয়া বা হত্যাকাণ্ডের প্রমাণ মেলেনি।

বাফেলোর মেয়র সিন রেয়ান ঘটনাটিকে "গভীরভাবে উদ্বেগজনক" ও "প্রতিরোধযোগ্য" বলে মন্তব্য করেছেন। তার অভিযোগ, প্রায় অন্ধ ও ইংরেজিতে কথা বলতে অক্ষম একজন মানুষকে শীতের রাতে নিরাপদ ব্যবস্থার নিশ্চয়তা ছাড়া একা রেখে যাওয়া ছিল "অপেশাদার ও অমানবিক" সিদ্ধান্ত। তিনি কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশনের জবাবদিহি দাবি করেছেন।

নিউইয়র্কের কংগ্রেসম্যান টিম কেনেডি শাহ আলমের মৃত্যুকে "ভয়াবহ" ও "হৃদয়বিদারক" আখ্যা দিয়ে পূর্ণাঙ্গ ও স্বচ্ছ তদন্তের আহ্বান জানিয়েছেন। তার ভাষায়, "জনগণ ও আলমের পরিবার অবিলম্বে উত্তর পাওয়ার অধিকার রাখে।"

জেলা অ্যাটর্নি মাইকেল জে জানান, মিয়ানমার থেকে আগত এই শরণার্থী গত বছরের বেশিরভাগ সময় হেফাজতে ছিলেন। একাধিক অভিযোগে গ্রেপ্তারের পর শেষ পর্যন্ত একটি মিসডিমিনর অভিযোগে দোষ স্বীকারের চুক্তি হয়।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc
মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মূল্যণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- স্টেটাস এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নতুনভাবে বিনিয়োগ যাতে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

অন্যথায় ১ মিলিয়ন বা তদূর্ধ্ব ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিকল্পভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অন্যান্য অনেকের সাথে পার্টনার করতে পারেন।

দেশে কোন জোলশীয় মালিক/পরিচালক দ্বারা আপনি ও আপনার পরিবার ৎ ভিসাদির সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাটিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

